minister AC
মাসিক কিস্তি
৳২০০০মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

minister Voice Control Smart Tv
ঈদ সালামি
ফ্রি!
55MG5010B ৬৩,৩৩৩
৳৪৯,০০০
বিস্তারিত: ০৯৬০৬ ৭০০৭০০

মঙ্গলবার ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৮৪ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ০৩ শ্রাবণ ১৪৩০ ॥ ২৯ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা ১৮ জুলাই ২০২৩



## কলাগাছের তন্তু দিয়ে তৈরি শাড়ি উপহার পেলেন প্রধানমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা কলাগাছের তন্তু থেকে তৈরি কলাবতী শাড়ি ও হস্তশিল্পজাত পণ্য গ্রহণ করেছেন। দেশের ইতিহাসে প্রথমবারের মতো কলা গাছের তন্তু থেকে মনিপুরী ডিজাইনের এই শাড়ি তৈরি ২-এর পাতায় দেখুন

## বুধবার জোটের শরিকদের সঙ্গে বসবেন শেখ হাসিনা

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা জোটের শরিকদের শীর্ষনেতাদের সঙ্গে বৈঠকে বসবেন। আগামী বুধবার সন্ধ্যা ৭টায় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে এই বৈঠক ২-এর পাতায় দেখুন

## ঢাকা-১৭ আসনের উপনির্বাচনে ভোট পড়েছে ১৪ শতাংশ

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকা-১৭ আসনের উপনির্বাচনে ১২ থেকে ১৪ শতাংশ ভোট পড়েছে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার (ইসি) মো. আলমগীর হোসেন। তিনি বলেন, ঢাকা-১৭ আসনের উপনির্বাচনের ভোটগ্রহণ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে হয়েছে।



## পশ্চিমবঙ্গের ভোটে ৩৫ জন নিহত এখানে তো একটা ঘুষি

**নিজস্ব প্রতিবেদক :** বরিশাল সিটি করপোরেশন নির্বাচনে হাতপাখার প্রার্থীকে ঘুষি মারার যে ঘটনা ঘটেছিল, সেটি 'বড় করে দেখানো হয়েছে' বলে হাছান মাহমুদের ভাষ্য। বাংলাদেশে নির্বাচন কতটা সুষ্ঠু হয়, তা বোঝাতে পশ্চিমবঙ্গের পঞ্চায়েত নির্বাচনে ব্যাপক সহিংসতার প্রসঙ্গ সামনে ২-এর পাতায় দেখুন



## শিয়ালের কাছে কেউ মুরগি বর্গা দেয় না

**নিজস্ব প্রতিবেদক :** বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচন না হলে এ সরকারের অধীনে কোন নির্বাচন নয়। নির্বাচনকালীন সময়ে নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচন দিতে হবে। ন্যাড়া বেল তলায় ২-এর পাতায় দেখুন



# নৌকার আরাফাতের জয়

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকা-১৭ সংসদীয় আসনের উপ-নির্বাচনে বিজয়ী হয়েছেন ক্ষমতাসীন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী মোহাম্মদ আলী আরাফাত। নৌকা প্রতীকে তিনি ২৮ হাজার ৮১৬ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী আশরাফুল হোসেন আলম ওরফে হিরো আলম একতারা প্রতীকে পেয়েছেন ৫ হাজার ৬০৯ ভোট।

গতকাল সোমবার রাতে ১২৪টি কেন্দ্রের এ ফলাফল ঘোষণা করেন রিটার্নিং কর্মকর্তা মো. মুনীর হোসাইন খান। নির্বাচনে ১১ দশমিক ৫ শতাংশ ভোট পড়েছে।



ঢাকা-১৭ আসনের উপ-নির্বাচন

ঘোষিত ফলাফল অনুযায়ী অন্য প্রার্থীদের মধ্যে জাতীয় পার্টির লাঙ্গল প্রতীকের প্রার্থী সিকদার আনিসুর রহমান ১ হাজার ৩২৮ ভোট পেয়ে তৃতীয় অবস্থানে আছেন। এছাড়া জাকের পার্টির গোলাপ ফুল প্রতীকের প্রার্থী কাজী মো. রাশিদুল হাসান ৯২৩ ভোট, ছড়ি প্রতীকের প্রার্থী মো. আকতার হোসেন ৬৪ ভোট, ট্রাক প্রতীকের মো. তারেকুল ইসলাম ভূঞাঁ ৫২ ভোট, ডাব প্রতীকের মো. রেজাউল ইসলাম স্বপন ৪৩ ভোট এবং সোনালী আঁশ প্রতীকের প্রার্থী ২০২ ভোট পেয়েছেন।

ঢাকা-১৭ আসনে মোট ভোটার সংখ্যা ৩ লাখ ২৫ হাজার ২০৫ জন। এরমধ্যে পুরুষ ১ লাখ ৭১ হাজার ২-এর পাতায় দেখুন

# নির্বাচন বয়কট করলেন হিরো আলম

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকা-১৭ আসনের উপনির্বাচন বয়কটের ঘোষণা দিয়েছেন এ নির্বাচনের স্বতন্ত্র প্রার্থী আশরাফুল হোসেন আলম ওরফে হিরো আলম। গতকাল সোমবার রামপুরার বেটার লাইফ হাসপাতালের সামনে থেকে এ ঘোষণা দেন তিনি।

তিনি বলেন, এ সরকারের অধীনে কোন নির্বাচনে যাওয়া যাবে না। যারা আমার ওপর হামলা চালিয়েছে ভিডিও ফুটেজ দেখে তাদের বিরুদ্ধে মামলা করার সিদ্ধান্ত নিয়েছি।

হিরো আলম বলেন, সকাল থেকে পরিকল্পনা ছিলো আমার ওপর হামলা করার। সারা বিশ্ব দেখেছে আমাকে মারার দৃশ্য, এটা নিয়ে ইউরোপিয় ইউনিয়নের (ইইউ) কাছে চিঠি দিবো। ভোট প্রত্যাখান করলাম।

তিনি আরও বলেন, ঢাকা ১৭ এর নির্বাচনে সম্পূর্ণ পরিকল্পিতভাবে হামলা করা হয়েছে। কেন্দ্রে অবৈধ সিল মারার ঘটনায় বাধা দেওয়ায় তারা আক্রমণ করেছে। শেষ মুহূর্তে আঘাত করে আমাকে মেরে ফেলার চেষ্টা করেছে।



## হিরো আলমকে মারধর আটক ২

**নিজস্ব প্রতিবেদক :** রাজধানীর বনানীতে ঢাকা-১৭ আসনের উপনির্বাচনের স্বতন্ত্র প্রার্থী আশরাফুল হোসেন আলম ওরফে হিরো আলমকে মারধরের ঘটনা ঘটেছে। এ ঘটনায় ঘটনাস্থল থেকে ঢাকা মহানগর ২-এর পাতায় দেখুন

# ঝিনাইদহের নতুন এসপি আজিম-উল-আহসান



মা বড় ভাই এবং স্ত্রীর সঙ্গে ঝিনাইদহের

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের নতুন পুলিশ সুপার হিসেবে পদায়ন হয়েছেন আজিম-উল-আহসান। পুলিশ সুপার (এসপি) পদমর্যাদার ২৪ কর্মকর্তার বদলির অংশ হিসেবে তাকে ঝিনাইদহে পদায়ন করা হয়। সোমবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে জারি করা পৃথক প্রজ্ঞাপনে তাদের বদলি করা হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনে সই করেন সিনিয়র সহকারী সচিব মো. মাহাবুর রহমান ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহসহ ২৪ জেলার পুলিশ সুপার পদে রদবদল

**নিজস্ব প্রতিবেদক :** পুলিশের ডিআইজি, অতিরিক্ত ডিআইজি বদলির পর এবার ২৪ পুলিশ সুপার পদে রদবদল করা হয়েছে। এর মধ্যে ১১ জনকে জেলা পুলিশ সুপার পদে এবং বাকি ১৩ জনকে বিভিন্ন দফতরে বদলি করা হয়েছে। সোমবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সিনিয়র সহকারী উপসচিবের সই করা এক প্রজ্ঞাপনে এই রদবদল করা হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, অবিলম্বে বদলির আদেশ কার্যকর করা হবে।

প্রজ্ঞাপন অনুযায়ী, যে জেলায় নতুন এসপি দেওয়া হয়েছে সেগুলো হচ্ছে ঝিনাইদহে আজিম উল আহসান, মৌলভীবাজারে মঞ্জুর রহমান, বান্দরবানে ২-এর পাতায় দেখুন

# ডেঙ্গুতে রেকর্ড ৮ জনের মৃত্যু হাসপাতালে ১৫৮৯

**নিজস্ব প্রতিবেদক :** রোববার সকাল ৮টা থেকে সোমবার সকাল ৮টা পর্যন্ত (একদিনে) ডেঙ্গু আক্রান্ত হয়ে আরও ৮ জনের মৃত্যু হয়েছে। এ সময়ে ১৫৮৯ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন।

আক্রান্তদের মধ্যে ঢাকার বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন ৮৪৭ জন, আর ঢাকার বাইরের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন ৭৪২ জন।

গতকাল সোমবার (১৭ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বর্তমানে দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতালে মোট ৫ হাজার ৪৪১ জন ডেঙ্গু রোগী চিকিৎসাধীন আছেন। ঢাকায় বর্তমানে ৩ হাজার ৩৪৭ জন এবং ঢাকার বাইরে বিভিন্ন হাসপাতালে ২ হাজার ৯৪ জন ডেঙ্গু রোগী ভর্তি রয়েছেন।



চলতি বছর ডেঙ্গু আক্রান্ত হয়ে সারা দেশে এখন পর্যন্ত ২২ হাজার ৪৬৭ জন রোগী হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিয়েছেন। এর মধ্যে ঢাকায় ১৪ হাজার ৬৯৭ জন এবং ঢাকার বাইরে চিকিৎসা নিয়েছেন ৭ হাজার ৭৭০ জন।

আক্রান্তদের মধ্যে হাসপাতাল থেকে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ১৬ হাজার ৯১২ জন। ঢাকায় ১১ হাজার ২৬৩ এবং ঢাকার বাইরে ৫ হাজার ৬৪৯ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন।

## হিরো আলমের ওপর হামলা, বিচারের দাবি আরাফাতের

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকা-১৭ আসনের উপনির্বাচনের স্বতন্ত্র প্রার্থী মো. আশরাফুল ইসলাম আলম ওরফে হিরো আলমকে মারধরের ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছেন আওয়ামী লীগের প্রার্থী মোহাম্মদ আলী আরাফাত। গতকাল সোমবার বিকেল ৪টায় ভোটগ্রহণ শেষে বনানীতে নিজ কার্যালয়ে সংবাদ সম্মেলনে তিনি ঘটনার বিষয়ে মন্তব্য করেন। তিনি বলেন, হিরো আলমকে মারধর অনাকাঙ্ক্ষিত। তীব্রভাবে এর নিন্দা জানাচ্ছি। এ ঘটনার সঙ্গে জড়িতদের বিষয়ে সুষ্ঠু তদন্ত স্বাপেক্ষে ব্যবস্থা নিতে নির্বাচন কমিশনের প্রতি আহ্বান জানাবো। এ সময় হিরো আলমকে মারধরের ঘটনায় চারজন আটক হয়েছে বলে জানান তিনি।



## ঝিনাইদহে অস্ত্র মামলায় একজনের ১৭ বছরের কারাদন্ড

**বসির আহাম্মেদ :** ঝিনাইদহ সদরে অস্ত্র মামলায় পৃথক দুটি রায়ে ফারুক হোসেন(৩৫)নামের একজনকে ১৭ বছরের কারাদন্ড দিয়েছে আদালত। দন্ডপ্রাপ্ত ফারুক হোসেন সদর উপজেলার মহামায়া গ্রামের ফজলু বিশ্বাসের ছেলে। সোমবার দুপুরে সিনিয়র স্পেশাল ট্রাইব্যুনাল জজ আদালতের বিচারক মোঃ নাজিমুদ্দৌলা এ দন্ডাদেশ ২-এর পাতায় দেখুন

## আন্দুলবাড়িয়া ইউপি নির্বাচনে আওয়ামী লীগের প্রার্থীর বিজয়

**জীবননগর প্রতিনিধি :** চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার ২নং আন্দুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের নির্বাচন দীর্ঘ ৭বছর পর অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতিকের প্রার্থী মির্জা ২-এর পাতায় দেখুন



# ঝিনাইদহে তারুণ্যের জয়যাত্রা ও যুব সমাবেশ অনুষ্ঠিত



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে তারুণ্যের জয়যাত্রা ও যুব সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। ঝিনাইদহ জেলা আওয়ামী যুবলীগের উদ্দ্যেগে সোমবার বিকালে পায়রা চত্বরে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। এসময় বক্তব্য রাখেন বাংলাদেশ আওয়ামী যুবলীগের প্রেসিডিয়াম সদস্য মোঃ নবী নেওয়াজ, বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য হুমায়ুন কবির, বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ইঞ্জিনিয়ারার প্রতিক ঘোষ, বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য শেখ জসিম উদ্দিন, বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য এ্যাড.হাসানুজ্জামান তুষার, সভাপতিত্ব করেন ঝিনাইদহ আওয়ামী যুবলীগের যুগ্ম আহবায়ক আশফাক মাহমুদ জন, ঝিনাইদহ জেলা ২-এর পাতায় দেখুন



## কোটচাঁদপুরে খাদ্যের নিরাপদতা বিষয়ে কর্মশালা

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কোটচাঁদপুরে খাদ্যের নিরাপদতা বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৭ জুলাই) সকালে কোটচাঁদপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের হলরুমে এ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন কোটচাদপুর উপজেলা নির্বাহী অফিসার উছেন মে। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরন প্রকল্প, ২-এর পাতায় দেখুন

# মেহেরপুরে তারুণ্যের জয়যাত্রা সমাবেশ অনুষ্ঠিত

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরে "তারুণ্যের জয়যাত্রা" সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বিকেল সাড়ে ৫টার দিকে শহীদ শামসুজ্জোহা পার্কে জেলা যুবলীগের আয়োজনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী যুবলীগের সাংগঠনিক সম্পাদক এ্যাড. শামীম আল সাইফুল সোহাগ। মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে অন্যদের মধ্যে



বক্তব্য দেন মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, বাংলাদেশ আওয়ামী যুবলীগের সদস্য জাকিরুল ইসলাম, মেহেরপুর সমর উপজেলা যুব লীগের সাধারন সম্পাদক আব্দুল্লাহ আল মামুন, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন, সাধারণ সম্পাদক সফিক কামাল পলাশ, মুজিবনগর যুবলীগের সভাপতি কামরুল হাসান চান্দু, ছাত্রলীগের সাবেক সভাপতি মফিজুর রহমান প্রমুখ।



## ঝিনাইদহে জুয়েলারি অ্যাসোসিয়েশন (বাজুস'র) র‌্যালি ও আলোচনা সভা

**নিজস্ব প্রতিবেদক :** বর্নাঢ্য আয়োজনের মধ্যে দিয়ে ঝিনাইদহে বাংলাদেশ জুয়েলারি অ্যাসোসিয়েশন (বাজুস'র) র‌্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৭ জুলাই) দুপুরে ঝিনাইদহ বাংলাদেশ জুয়েলারি অ্যাসোসিয়েশন (বাজুস'র) আয়োজনে গীতাঞ্জলি সড়কের অফিসের সামনে থেকে একটি র‌্যালী বের করে। র‌্যালিটি ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

## শৈলকুপায় অনুমোদনহীন মাদ্রাসায় ভর্তি না হওয়ায় শিশু ছাত্রকে বেধড়ক মারপিট, থানায় অভিযোগ



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপায় মসজিদ ভিত্তিক মাদ্রাসায় ভর্তি না করায় এক শিশুকে বেধড়ক মারপিট করার অভিযোগ উঠেছে। এ ঘটনায় নির্যাতিত ওই শিশুর পিতা শৈলকুপা থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। অভিযোগে জানা যায়, শৈলকুপা উপজেলার দুধসর বিশ্বাস পাড়া জামে ২-এর পাতায় দেখুন

# খুলনায় তারুণ্যের সমাবেশে বিএনপির ২ পক্ষের হাতাহাতি

## বাগেরহাট থেকে বাসসহ খুলনামুখী সব যান চলাচল বন্ধ

**বাগেরহাট প্রতিনিধি :** খুলনায় বিএনপির বিভাগীয় 'তারুণ্যের সমাবেশ' কেন্দ্র করে বাগেরহাট থেকে খুলনামুখী বাসসহ সব ধরণের যান চলাচল বন্ধ রাখা হয়েছে। সোমবার (১৭ জুলাই) সকাল থেকে সড়কগুলোতে ব্যক্তিগত গাড়ি, প্রাইভেটকার, ২-এর পাতায় দেখুন



**নিজস্ব প্রতিবেদক :** বিএনপির বর্তমান কমিটির নেতাদের অনুসারীরা মঞ্চের সামনের দিকে যাওয়ার সময় দুই পক্ষের মধ্যে পাল্টাপাল্টি ধাওয়া ও হাতাহাতির ঘটনা ঘটে।

খুলনায় যুবদল, ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দল আয়োজিত তারুণ্যের সমাবেশে বিএনপির দুই পক্ষের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটেছে।

গতকাল সোমবার দুপুর দেড়টার দিকে নগরের ডাকবাংলো মোড়ের সোনালী ব্যাংক ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com

www.eaiamardesh.com

মঙ্গলবার ১৮ জুলাই ২০২৩


# সৌর সেচ প্রকল্পের সুবিধা পাচ্ছে না অধিকাংশ কৃষক



**নিজস্ব প্রতিবেদক :** সৌর সেচ প্রকল্পের সুবিধা পাচ্ছে না দেশের অধিকাংশ কৃষক। অথচ ফসল ফলাতে বছর বছর সেচ নিয়ে কৃষকরা দুশ্চিন্তায় পড়ে। বিদ্যুৎ সংকট, লোডশেডিং ও লো ভোল্টেজের কারণে নিরবচ্ছিন্ন সেচ মিলে না। এমন পরিস্থিতিতে বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন (বিএডিসি) ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিইএ) সূর্যের আলো থেকে উৎপাদিত বিদ্যুতের মাধ্যমে জমিতে সেচ দিতে প্রকল্প হাতে নেয়। কম দামে সেচ দেয়া, বছরে অন্তত তিনটি ফসল উৎপাদন, নবায়নযোগ্য ও কার্বন নিঃসরণহীন শক্তি উৎপাদন করে জলবায়ুর পরিবর্তন রুখতে দুটি প্রকল্প নেয়া হয়। তাতে কিছু এলাকায় সুফল মিললেও অব্যবস্থাপনার কারণে অধিকাংশ কৃষক পাচ্ছেন না সৌর সেচ প্রকল্পের সুবিধা। এমনকি সরকারের এ সেবা সম্পর্কে অনেকেই জানেনই না। বরং অনেক ক্ষেত্রে এ সেবা নিতে কৃষককে গুনতে হয় বাড়তি টাকা। কিছু এলাকায় সৌর সেচ পাম্প উদ্বোধনের পরই বন্ধ করে রাখা হয়েছে। ভুল ব্যবস্থাপনার কারণে আবার অনেক স্থানে পর্যাপ্ত পানি উঠছে না। তাতে মাঠে মারা যাচ্ছে সরকারের প্রায় দেড়শ কোটি টাকার দুই প্রকল্প। বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন (বিএডিসি) ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিইএ) সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, দেশে গত এক দশকে মাত্র ৩ হাজার সৌরবিদ্যুৎচালিত সেচ পাম্প স্থাপন করা হয়েছে। কিন্তু সুষ্ঠু ব্যবস্থাপনা, পর্যাপ্ত বাজেট ও নীতি সহায়তার অভাবে ২-এর পাতায় দেখুন

## সংবাদ সম্মেলনে গণঅধিকার পরিষদের দুপক্ষের হট্টগোল

**নিজস্ব প্রতিবেদক :** গণঅধিকার পরিষদের দুপক্ষের আমন্ত্রণ কেন্দ্র করে ১০ দলের সংবাদ সম্মেলনে হট্টগোল ও উত্তেজনার ঘটনা ঘটেছে। ড. রেজা কিবরিয়ার নেতৃত্বাধীন গণঅধিকার পরিষদকে সংবাদ সম্মেলনে ডাকায় আপত্তি জানান নুরুল হক নুরের নেতৃত্বাধীন গণঅধিকার পরিষদের নেতাকর্মীরা। এসব বিষয়ে পালটাপালটি জবাবে পরিবেশ উত্তপ্ত হয়ে ওঠে।

ফারুক হাসানকে বক্তব্যের জন্য ডাকা হলে নুরুল হক নুর চেয়ার থেকে উঠে বেরিয়ে যেতে উদ্যত হন। নুর বলেন, এটা তো ঠিক না। আমরা চলে যাচ্ছি। এ সময় নুরের নেতাকর্মীরা স্লোগান ধরেনড় ভুয়া, ভুয়া, ভুয়া।

সোমবার দুপুরে জাতীয় প্রেসক্লাবে ১০ রাজনৈতিক দলের যৌথ উদ্যোগে এক সংবাদ সম্মেলনে এ ঘটনা ঘটেছে। পরিস্থিতি শান্ত হলে আবারও সংবাদ সম্মেলন শুরু হয়।

সরেজমিন দেখা যায়, সংবাদ সম্মেলনে প্রথমে আসেন ড. রেজা কিবরিয়ার নেতৃত্বাধীন গণঅধিকার পরিষদের যুগ্ম আহ্বায়ক ফারুক হাসান। এর পর আসেন নুরুল হক নুরের নেতৃত্বাধীন গণঅধিকার পরিষদের নেতাকর্মীরা।

এ সময় এবি পার্টির সদস্য সচিব মজিবুর রহমান মঞ্জুকে উদ্দেশ্য করে ফারুক হাসান বলেন, ভাই গণঅধিকার পরিষদের আহ্বায়ক ড. রেজা কিবরিয়া বিদেশে থাকায় উনার পক্ষ থেকে দলের প্রতিনিধি হিসেবে আমি এখানে এসেছি।

# আলমডাঙ্গায় বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস)"র ৫৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন




**আলমডাঙ্গা অফিস ঃ** "সোনায় বিনিয়োগ, ভবিষ্যতের সঞ্চয়" এই প্রতিপাদ্যকে সামনে রেখে বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস)"র ৫৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলমডাঙ্গায় ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে বর্ণাঢ্য শোভাযাত্রা, কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার (১৭ জুলাই) বিকাল ৫টায় বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস) আলমডাঙ্গা উপজেলা শাখার আয়োজনে উপজেলা শাখার সভাপতি মাতৃশ্রী জুয়েলার্সের মালিক বাবু দিলীপ কুমার চৌধুরীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ফাতেমা জুয়েলার্সের মালিক হাজী আব্দুল জলিলের নেতৃত্বে চারতলার মোড় হতে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে আবারও বাজুসের উপজেলা শাখা কার্যালয়ে কেক কাটা ও আলোচনা সভাস্থলে গিয়ে মিলিত হয়।

কেক কাটা ও আলোচনা ২-এর পাতায় দেখুন

## মহেশপুরে যৌতুকের দাবিতে স্ত্রী'কে পিটিয়ে হত্যার অভিযোগ পরিবারের দাবি আত্মহত্যা

মহেশপুর প্রতিনিধি : যৌতুকের দাবিতে নিজ স্ত্রী এক সন্তানের জননী লিজা খাতুনকে (২২) পিটিয়ে হত্যা করে ঘরে ঝুলিয়ে রেখে মৃত্যুর পর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আত্মহত্যা বলে চালানোর চেষ্টা করেছে স্বামীসহ তার পরিবারের স্বজনরা। এমন অভিযোগ করেছেন নিহত লিজা খাতুনের পিতা হারুন আর রশিদ। এ ঘটনাটি ঘটেছে রবিবার সন্ধ্যায় ঝিনাইদহের মহেশপুর উপজেলার যাদবপুর ইউনিয়নের গয়েশপুর গ্রামে। থানা পুলিশ রাববার রাতে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে নিহত লিজা খাতুনের মরদেহ উদ্ধার করে সোমবার সকালে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে প্রেরণ করেছে। নিহত লিজা খাতুনের পিতা হারুন আর রশিদ জানান, তিন বছর পুর্বে আমার মেয়েকে মহেশপুর উপজেলার ২-এর পাতায় দেখুন

## শিক্ষকের থাপ্পড়ে স্কুলছাত্রের মৃত্যু, ৪ শিক্ষক গ্রেপ্তার

**নিজস্ব প্রতিবেদক :** সাতক্ষীরার কালিগঞ্জে শিক্ষকের থাপ্পড়ে স্কুলছাত্র মৃত্যুর ঘটনায় পাঁচ শিক্ষকের বিরুদ্ধে থানায় মামলা হয়েছে। স্কুল প্রাঙ্গণ থেকে চারজন শিক্ষককে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তারকৃত শিক্ষকদের জেল হাজতে পাঠানোর প্রক্রিয়া চলছে।

সোমবার (১৭ জুলাই) সকাল সাড়ে ১০টার দিকে মৃত স্কুলছাত্রের বাবা দিনু চন্দ্র বাদী হয়ে পাঁচ শিক্ষকের বিরুদ্ধে ২-এর পাতায় দেখুন



## বাগেরহাটে কৃতি খেলোয়াড়দের সম্মাননা

**বাগেরহাট প্রতিনিধি :** জাতীয় পর্য্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে স্বর্ন, রৌপ ও ব্রঞ্চপদক প্রাপ্ত বাগেরহাটের ২৬ ক্রীড়াবিদকে সম্মাননা প্রদান করা হয়েছে। সোমবার (১৭ জুলাই) দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে কৃতি ক্রীড়াবিদদের হাতে ক্রেস্ট ও নগদ টাকা তুলে দেন, বাগেরহাটের জেলা প্রশাসক ও জেলা ক্রীড়া সংস্থার সভাপতি মোহাম্মদ আজিজুর রহমান।

এসময়, বাগেরহাটের অতিরিক্ত জেলা প্রশাসক হাফিজ আল আসাদ, বাগেরহাট প্রেসক্লাবের সভাপতি নিহার ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহ জেলায় বালক বিদ্যালয় দাবা, ব্যাডমিন্টন ও বিজ্ঞান বিষয়ক প্রতিযোগিতায় প্রথম হয়ে বিভাগীয় পর্যায়ে




**নিজস্ব প্রতিবদেক :** ঝিনাইদহ সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী দাবা ,ব্যাডমিন্টন ও বিজ্ঞান বিয়ক প্রতিযোগিতায় প্রথম হয়ে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা করবে। জেলায় দাবায় প্রথম হয়ে সমৃদ্ধ বিশ্বাস, বিজ্ঞান বিয়ক প্রতিযোগিতায় রিয়াদ ফয়সাল ও ব্যাডমিন্টনে জুম্মাতুল মাজমাদার কৌশিক। উপজেলা ও জেলা পর্যায় পেরিয়ে তারা বিভাগীয় খেলার যোগ্যতা অর্জন করেছে। সবাই কাছে তারা দোয়া প্রার্থী। তিন শিক্ষক চিন্ময় কুন্ডু, মোঃ মোখলেছুর রহমান ও বিপ্লব জোর্য়ারদার বলেন, তাদের ভালো ফলাফল করার জন্য যতটুকু সাহায্য ও সহযোগিতা করার জন্য দরকার তা আমরা সব সময় করেছি।

## শরীরের মাংস তুলে নারীকে নির্যাতনের অভিযোগে গ্রেপ্তার ৩

**নিজস্ব প্রতিবেদক :** কক্সবাজারের চকরিয়ায় মানসিক প্রতিবন্ধী এক নারীকে বিবস্ত্র করে শরীরের মাংস তুলে নির্যাতনের অভিযোগ উঠেছে। এ ঘটনায় অভিযুক্ত তিন জনকে গ্রেপ্তার করা হয়েছে।

গ্রেপ্তাররা হলেন ঘটনার প্রধান অভিযুক্ত চকরিয়ার কাকারা ইউনিয়নের ইসলামনগর এলাকার মৃত ছৈয়দ হোছনের ছেলে আবুল হোছন (৫০), মো. আরিফ পুতিয়া (৪০) ও একই এলাকার আবু তাহেরের স্ত্রী ডলি আক্তার (৩০)।

ভুক্তভোগী ইসমত আরা বেগম (৩৮) ইসমত আরা বেগম লক্ষ্যরচর ইউনিয়নের রুস্তম আলী চৌধুরী পাড়ার মৃত জাহাঙ্গীর আলমের স্ত্রী।

১৫'র কক্সবাজার সিপিএসসির প্রধান অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার ২-এর পাতায় দেখুন




## প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বাগেরহাটে বাজুসের বর্নাঢ্য র‌্যালী

**বাগেরহাট প্রতিনিধি :** সারা দেশের মতো বাগেরহাটেও বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস)-এর ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। 'সোনায় বিনিয়োগ-ভবিষ্যতের সঞ্চয়' এই প্রতিপাদ্য নিয়ে সোমবার (১৭ জুলাই) দুপুর আড়াইটায় বাগেরহাট শহরের স্বর্ণকারপট্টীস্থ বাজুস জেলা কার‌্যালয়ের সামনে থেকে একটি র‌্যাবলী বের করা হয়। শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে র‌্যা লীটি পুনরায় বাজুস কার‌্যালয়ের সামনে এসে শেষ হয়। র‌্যালীতে বাজুস, বাগেরহাট জেলা শাখার সভাপতি শ্যামল কুমার সরকার, সহ-সভাপতি গনেশ চন্দ্র বকসী, মোঃ এমাম হোসেন, ভোলা নাথ দাস, সাধারণ সম্পাদক ২-এর পাতায় দেখুন

## গাংনীতে বিদ্যালয়ে সীমানা প্রাচীর নির্মাণে দুর্নীতি, ঘষা দিলেই খসে আস্তারণ



**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্মানাধীন সীমানা প্রাচীরে নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ উঠেছে। তাছাড়া সিমেন্ট বালু ও পাথরের আনুপাতিক হারও সঠিক নয়। ফলে হাতের ঘসায় উঠে যাচ্ছে ইট, বালু, খোয়া। স্থানীয়দের অভিযোগের প্রেক্ষিতে নিম্নমানের সামগ্রী সরিয়ে নিতে ও পিলার গুলো ভেঙে ফেলার নির্দেশ দেয়া হয়েছে বলে জানিয়েছেন উপজেলা নির্বাহী প্রকৌশলী। প্রাপ্ত তথ্যমতে, ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরে বিডিডিপি-৪ প্রকল্পে আওতায় গাংনীর দেবীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২৫ লাখ টাকা ব্যায়ে সীমানা প্রাচীর নির্মাণের কাজ পান ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স টিপু এন্টারপ্রাইজ। কার্যাদেশে সীমানা প্রাচীরের পিলার ঢালায় ১০/১২ ইঞ্চি দেওয়ার কথা থাকলেও ২-এর পাতায় দেখুন




## জাতীয়করণের দাবিতে গাংনীতে শিক্ষকদের মানববন্ধন

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরের গাংনীতে শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের দাবিতে মানববন্ধন করেছেন বেসরকারি স্বীকৃতিপ্রাপ্ত সকল স্তরের স্কুল, কলেজ, মাদ্রাসা, বিএম কলেজ, ভোকেশনালের শিক্ষকবৃন্দ। সোমবার দুপুর পৌনে বারোটার দিকে গাংনী প্রেসক্লাবের সামনের সড়কে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। গাংনী পাইলট মাধ্যমিক ২-এর পাতায় দেখুন

## বিএমএর কেন্দ্রীয় কর্মসূচী অমান্যের অভিযোগ ডা: আবু তাহেরের বিরুদ্ধে




**মেহেরপুর প্রতিনিধি:** ঢাকা সেন্ট্রাল হাসপাতালে প্রসূতি মাহবুবু রহমান আঁখি ও তার নবজাতক মৃত্যুর ঘটনায় দুই চিকিৎসক গ্রেপ্তারের প্রতিবাদে ১৭-১৮ জুন সারাদেশে প্রাইভেট চেম্বার ও অপারেশন বন্ধ রাখার ঘোষণা করে চিকিৎসকরা। কেন্দ্রীয় বিএমএর এমন কর্মসূচীর অংশ হিসেবে মেহেরপুর জেলার সমস্ত ক্লিনিক ও প্রাইভেট প্রাকটিস চিকিৎসকরা বন্ধ রাখলেও, বন্ধ হয়নি মেহেরপুর বিএমএর সাধারণ সম্পাদক ডা: আবু তাহের পরিচালিত তাহের ক্লিনিকের কার্যক্রম। গতকালও রোগী দেখা এবং অপারেশন হয়েছে তাহের ক্লিনিকে এমন অভিযোগ খোদ চিকিৎসকদের। স্থানীয় চিকিৎসকরা ডা: তাহেরের বিরুদ্ধে এমন অভিযোগ করলে বিএমএর কেন্দ্রীয় সভাপতি অনুপম রায় তার ভেরিফাইড ফেসবুক পেজে বলেছেন- মেহেরপুর জেলার বিএমএর তাহের সাহেব রোগী দেখা, অল্ট্রাসনো, অপারেশন সবই করছে। আপনি যেই হোন এসব বন্ধ করুন। আবার ডেট ছাড়া প্রেসক্রিপশন দিচ্ছেন। এমন প্রেসক্রিপশন নিয়ে ২-এর পাতায় দেখুন

## বাগেরহাটে প্রকৌশলীকে তুলে নিয়ে মারধরে মামলা, আসামি ছাত্রলীগের নেতাকর্মী

**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাটে পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) উপসহকারী প্রকৌশলী আবু হানিফকে তাঁর কার্যালয় থেকে তুলে নিয়ে মারধর ও লঞ্ছিত করার ঘটনায় মামলা হয়েছে। ঘটনার চারদিন পরে রবিবার (১৬ জুলাই) রাতে বাগেরহাট মডেল থানায় এই মামলা হয়। তবে ঘটনার দিন ১২ জুলাই রাতেই ওই প্রকৌশলী বাগেরহাট মডেল থানায় লিখিত অভিযোগ দায়ের করেছিলেন।

মামলায় মারজান হাওলাদার, রাকেশ দাস, পরাগ হাওলাদার, সুজন ইসলামের নাম উল্লেখসহ অজ্ঞাতনামা ১০-১২জনকে আসামী করা হয়েছে। এদের মধ্যে রাকেশ দাস ২-এর পাতায় দেখুন




## মেহেরপুরে বাজুসের প্রতিষ্ঠা বার্ষিকী পালন

**মেহেরপুর প্রতিনিধি :** র‌্যালী আলোচনা সভা ও কেক কাটার মধ্য দিয়ে বাংলাদেশ জুয়েলার্স এসেসিয়েশন (বাজুস) এর ৫৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। সোমবার সকাল সাড়ে ১১টার দিকে মেহেরপুর বাজুস জেলা কার্যলয় থেকে একটি র‌্যালী বের করা হয়। বাজুস মেহেরপুর জেলা শাখার সভাপতি কিশোর কুমার পাত্র ও সাধারন সম্পাদক শেখ মোমিনের নেতৃত্বে র‌্যালীটি মেহেরপুর শহরের প্রধান সড়ক পদক্ষিণ করে পুনরায় বাজুস কার্যলয়ে এসে শেষ হয়। এরপর সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন ২-এর পাতায় দেখুন

## ইবিতে 'হুইসেলব্লোয়িং' শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত




**রানা আহম্মেদ অভি, ইবি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে 'স্টুডেন্ট'স অ্যাটিচিউড অন হুইসেলব্লোয়িং অ্যাওয়ারনেস, প্রোগ্রেস অ্যান্ড চ্যালেঞ্জেস অব ইমপ্লিমেন্টেশন অ্যাট দ্য পাবলিক সেক্টরস ইন বাংলাদেশ' শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। ইএমকে সেন্টারের অর্থায়নে এই ওয়ার্কশপটি পরিচালিত হচ্ছে। সোমবার সকাল সাড়ে ৯টায় দিনব্যাপী এই ওয়ার্কশপের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সভাপতি সহযোগী অধ্যাপক ড. নুরুল হুদা সাকিব প্রমুখ। ওয়ার্কশপের উদ্বোধনী সেশনে অধ্যাপক ড. শিরিনা খাতুন।

ওয়ার্কশপের অংশ হিসেবে হুইসেল ব্লোয়িং, ভার্চুয়াল হুইসেল ব্লোয়িং এবং হুইসেল ব্লোয়িংয়ের গুরুত্ব বিষয়ে আলোকপাত করেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মো. ফিরোজ আল মামুন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২-এর পাতায় দেখুন

## গাংনীতে সড়ক দুর্ঘনায় আহত শুভ মারা গেছেন



**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর ইউনিয়নের সাহেবনগর গ্রামে মোটরসাইকেল রেস (পাল্লাপাল্লি) খেলতে গিয়ে আহত শুভ হোসেন চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। শুভ কাজীপুর গ্রামের মধ্যেপাড়ার বাসিন্দা ও প্রবাসী শিপন আলীর ছেলে। রবিবার দিবাগত মধ্যেরাতে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল চিকিৎসাধীন অবস্থায় শুভ'র মৃত্যু হয়। এর আগে রবিবার দুপুর সাড়ে ১২টার দিকে কাজীপুর-বামন্দী সড়কের সাহেবনগর গ্রামের তালতলা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। উল্লেখ্য জয় ও তার বন্ধু শুভ নিজ নিজ মোটরসাইকেল নিয়ে রেস (পাল্লাপাল্লি) দিচ্ছিলেন। এসময় পাশাপাশি দুটি মোটরসাইকেলের সাথে ধাক্কা লেগে ছিটকে পড়ে রাস্তার পাশে থাকা একটি গাছের সাথে জয়ের ধাক্কা ২-এর পাতায় দেখুন



## মেহেরপুরে গলায় ফাঁস দিয়ে দুজনের আত্মহত্যা

**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরে পারিবারিক কলহের জেরধরে মজিবনগরের নাজিরাকোনা গ্রামে ও গাংনীর দেবিপুর গ্রামে দুজন গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। সোমবার সকালে এ ঘটনা ঘটে। নিহতরা হলো, মুজিবনগর উপজেলার নাজিরাকোনা গ্রামের সেদু মালের ছেলে জানালী মাল (৬০) ও গাংনী উপজেলার দেবিপুর গ্রামের আব্দুর সাত্তারের স্ত্রী পানশুনা খাতুন (৬৫)। নিহতদের পরিবার সূত্রে ২-এর পাতায় দেখুন







সম্পাদকমন্ডলীর সভাপতি : আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী) সম্পাদক ও প্রকাশক : আলী কদর পলাশ, ভারপ্রাপ্ত সম্পাদক : তানভীর হাসান (জিসান হাই),ব্যবস্থাপনা সম্পাদক : আশরাফুল আলম চঞ্চল, নির্বাহী সম্পাদক : তুহিন আরণ্য
সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮

# সম্পাদকীয়

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

### সৌদিতে ৯ শ্রমিকের মৃত্যু

## প্রবাসী শ্রমিকদের সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত হোক

সৌদি আরবের একটি সোফা তৈরির কারখানায় গত শুক্রবার অগ্নিকাণ্ডে নয়জন বাংলাদেশি নাগরিকের মৃত্যু হয়েছে। দুর্ঘটনায় একজন ভারতীয় নাগরিকও মারা গেছেন। গত শুক্রবার স্থানীয় সময় বিকাল ৪টার দিকে রাজধানী রিয়াদ থেকে ৩৫০ কিলোমিটার পূর্বে আল আহসা শহরের হুফুফ ইন্ডাস্ট্রিয়াল সিটি এলাকার ওই কারখানায় দুর্ঘটনা ঘটে। খুবই দুঃখজনক যে, প্রবাসীদের মৃত্যুর খবর নতুন নয়। এমন ঘটনা প্রায়ই ঘটছে। তা সত্ত্বেও প্রবাসী শ্রমিকের মৃত্যুহার কমাতে সুরক্ষা নিশ্চিত হয়নি। প্রবাসী শ্রমিকদের মধ্যে অস্বাভাবিক মৃত্যুহার বেশি। প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের হিসাব অনুযায়ী, ৯৪ শতাংশ প্রবাসী শ্রমিকের মৃত্যুর কারণ কর্মস্থলে দুর্ঘটনা, সড়ক দুর্ঘটনা ও হৃদরোগ। এছাড়া আত্মহত্যা ও হত্যাকাণ্ডে বিদেশে প্রাণ হারাচ্ছেন অনেক শ্রমিক। বেশির ভাগেরই বয়স ২৫ থেকে ৪০-এর মধ্যে। জানা গেছে, বিগত এক দশকে প্রায় ৩৪ হাজার প্রবাসী শ্রমিকের মৃত্যু হয়েছে। সৌদি আরব, আরব আমিরাত, মালয়েশিয়া, ওমান ও কুয়েতের মতো দেশে বাংলাদেশি শ্রমিকের সংখ্যা বেশি। এসব দেশ থেকে মরদেহও আসছে সবচেয়ে বেশি। বর্তমানে প্রায় ১ কোটি ২০ লাখ বাংলাদেশি নারী-পুরুষ বিভিন্ন দেশে কাজ নিয়ে অভিবাসনে আছেন। সৌদি আরবে প্রায় ১.২ মিলিয়নের বেশিসংখ্যক বসবাস করে। সৌদি আরব ছাড়াও আরব বিশ্বের আরো কয়েকটি দেশে যেমন- কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, ওমান, কাতার ও বাহরাইনে প্রচুর সংখ্যক বাংলাদেশি প্রবাসী বসবাস করেন। সেখানে বাংলাদেশিদের বিদেশি কর্মী হিসেবে ধরা হয়। প্রবাসী আয়ে বাংলাদেশের স্থান এখন সপ্তম। বিশ্বের বিভিন্ন দেশে আসা প্রবাসী আয় কিছুটা কমলেও বাংলাদেশের বেড়েছে রেমিট্যান্স আয়। আমাদের রিজার্ভের বড় একটি উৎস হচ্ছে আমাদের অভিবাসী শ্রমিকদের পাঠানো রেমিট্যান্স। কিন্তু এই রেমিট্যান্স আয় করতে গিয়ে অভিবাসী শ্রমিকরা নানা ধরনের নির্যাতন, সহিংসতা ও দুর্ঘটনার শিকার হয়ে থাকেন। বিদেশে বাংলাদেশি শ্রমিকের মৃত্যুর পর মৃত্যুজনিত ক্ষতিপূরণ আদায় একটি আন্তঃরাষ্ট্রিক বিষয় হয়ে দাঁড়ায়। তাই এখানে সরকারেরই মুখ্য ভূমিকা নিতে হয়। সংশ্লিষ্টরা বলছেন, বিদেশি কোম্পানির কাছ থেকে ক্ষতিপূরণের টাকা আদায় করতে সংশ্লিষ্ট দেশে বাংলাদেশ দূতাবাসকে মূল ভূমিকা পালন করতে হয়। এ ক্ষেত্রে দূতাবাসের কর্মকর্তাদের ভূমিকা নিয়ে প্রশ্ন রয়েছে। দেশের অর্থনীতিকে সচল রাখতে যে কয়টি খাত সবচেয়ে গুরুত্বপূর্ণ তার মধ্যে একটি হলো প্রবাসী আয়। প্রবাসীরা দেশের অর্থনীতিকে সচল রাখার পাশাপাশি অর্থনৈতিকভাবে সহযোগিতা করছেন, তাদের পরিবার-পরিজনদের সহযোগিতা করে যাচ্ছেন। প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স সমৃদ্ধ করছে দেশের মূল অর্থনীতিকে। কিন্তু শ্রমিকদের সুরক্ষার বিষয়টি বরাবরই উপেক্ষিত। কর্মস্থলে দুর্ঘটনায় মৃত্যুবরণ করার পর নিহতদের পরিবার ক্ষতিপূরণ পাওয়ার দাবিদার হয়। কিন্তু দুর্ভাগ্যজনক যুগ পেরোলেও সেই ক্ষতিপূরণ পাওয়ার জন্য তাদের অপেক্ষার প্রহর আর শেষ হয় না। এ ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস ও সংশ্লিষ্ট সরকারি দপ্তরগুলোকে যথাযথ ভূমিকা পালন করতে হবে। বিদেশে কর্মরত অবস্থায় দুর্ঘটনার শিকার শ্রমিকের ক্ষেত্রে ক্ষতিপূরণ আদায়ের বিষয়টিতে সরকারের বিশেষ গুরুত্ব দেয়া দরকার। এ ব্যাপারে দ্রুত ব্যবস্থা নেয়া হবে- এই প্রত্যাশা আমাদের।

## ঝিনাইদহসহ ২৪ জেলার পুলিশ সুপার

সৈকত শাহীন, নাটোরে তারিকুল ইসলাম, রাজশাহীতে সাইফুর রহমান, খাগড়াছড়িতে মুক্তা ধর, ঠাকুরগাঁওয়ে উত্তম প্রসাদ পাঠক, রাজবাড়ীতে জি এম আবুল কালাম আজাদ, বাগেরহাটে আবুল হাসনাত খান, লক্ষ্মীপুরে মোহাম্মদ তারেক বিন রশিদ এবং জামালপুরে মো. কামরুজ্জামানকে পুলিশ সুপার হিসেব বদলি করা হয়েছে। জননিরাপত্তা বিভাগের পৃথক আরেকটি প্রজ্ঞাপনে ১৩ পুলিশ সুপার পদ মর্যাদার কর্মকর্তাকে বিভিন্ন দফতরে বদলি করা হয়েছে। তারা হলেন- মোহাম্মদ আশিকুর রহমানকে বিশেষ শাখায়, মোহাম্মদ জাকারিয়াকে হাইওয়ে পুলিশে, এ বি এম মাসুদ হোসেনকে ডিএমপিতে, নাঈমুল হককে ট্যুরিস্ট পুলিশে, মোহাম্মদ জাহাঙ্গীর হোসেনকে সিআইডিতে, এম এম শাকিলুজ্জামানকে কেএমপিতে, নাছির উদ্দিন আহমেদকে সিলেট রেঞ্জ ডিআইজি কার্যালয়ে, কে এম আরিফুল হককে আরএমপিতে, মাহফুজ্জামান আশরাফকে পিবিআইতে, শেখ জাহিদুল ইসলামকে এসবিতে, মোছা. শামিমা আক্তারকে স্পেশাল সিকিউরিটি এন্ড প্রটেকশন ব্যাটালিয়নে, সরকার ওমর ফারুককে আরএমপিতে এবং তাহিয়াত আহমেদ চৌধুরীকে এসএমপিতে বদলি করা হয়েছে।

## ঝিনাইদহের নতুন এসপি

শেখ। ঝিনাইদহের বিদায়ী পুলিশ সুপার আশিকুর রহমানকে ঢাকা বিশেষ শাখায় বদলি করা হয়েছে।

নবাগত পুলিশ সুপার ঢাকা বিশেষ শাখার বিশেষ পুলিশ সুপার হিসেবে সর্বশেষ কর্মরত ছিলেন। এর আগে তিনি কুমিল্লাসহ দেশের বিভিন্ন স্থানে সুনামের সাথে দ্বায়িত্ব পালন করেছেন। পাবনার এই কৃতি সন্তান রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র। তার বড় ভাই মন্ত্রীপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব ও সাবেক বরিশাল বিভাগীয় কমিশনা আমিন উল আহসান। চাকুরী জীবনে তিনি তার কর্মস্থলে সততা ও নিষ্ঠার সাথে কাজ করে মানুষের মন জয় করেছেন।

## কোটচাঁদপুরে খাদ্যের নিরাপদতা

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ,খাদ্য মন্ত্রণালয়ের আয়োজনে এবং বিসেফ ফাউন্ডেশনের সহযোগিতায় সেমিনারে বিশেষ অতিথি ছিলেন ঝিনাইদহ জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা সাধন সরকার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইছাহক আলী। সঞ্চালনা করেন শাহজাহান আলী বিপাশ।

নিরাপদ খাদ্য বিষয়ে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা বাড়ানোর জন্য এ কর্মশালা চলছে। প্রায় ২ ঘন্টা চলা কর্মশালায় শিক্ষার্থী, শিক্ষক এবং বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্যসহ প্রায় ১৮০জন উপস্থিত ছিলেন। কর্মশালা শেষে কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরন করা হয়।

## ঝিনাইদহে তারুণ্যের জয়যাত্রা

আওয়ামী যুবলীগের যুগ্ম আহবায়ক মোঃ শফিকুল ইসলাম শিমুল, ঝিনাইদহ জেলা আওয়ামী যুবলীগের যুগ্ম আহবায়ক রাজু আহমেদ, ঝিনাইদহ জেলা আওয়ামী যুবলীগের যুগ্ম আহবায়ক মোঃ হাফিজুর রহমান। অনুষ্ঠান সঞ্চালনা করেন ঝিনাইদহ জেলা আওয়ামী যুবলীগের যুগ্ম আহবায়ক রাশিদুর রহমান রাসেল। অনুষ্ঠানে বক্তারা বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে যুবলীগের নেতাকর্মীদের আরও ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। আমরা যুবলীগের সভাপতি শেখ ফজলে শামস পরশ ও সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান নিখিলের নেতৃত্বে যুবলীগকে আরও সংগঠিত করছি। আগামী দিয়ে বিএনপি-জামায়াতে ষড়যন্ত্র মোকাবেলায় আমরা রাজপথে থেকে প্রতিহত করব।

## আন্দুলবাড়িয়া ইউপি নির্বাচনে

হাকিবুর রহমান লিটন বেসরকারি ভাবে নির্বাচিত হয়েছেন। সোমবার রাতে নির্বাচন কমিশনার এ ফলাফল ঘোষণা করেন। এর আগে সকাল ৮ টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। ইউনিয়নে ১০টি ভোটকেন্দ্রের ৭০টি ভোট কক্ষে ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ করা হয়।

জীবননগর উপজেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং কর্মকর্তা মেজর আহাম্মেদ বলেন, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়েছে। আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে ১২জন র‌্যাবের সদস্য, ১ প্লাটুন বিজিবি, পুলিশ ও আনসারসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা নির্বাচনি এলাকায় টহল দিয়েছেন। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে ছিলো ৩জন নির্বাহী ও১জন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট।

উল্লেখ্য, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদে সর্বশেষ নির্বাচন অনুষ্ঠিত হয় ২০১৬ সালে ২৮শে মে। এ নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের প্রার্থী বিদ্রোহীর কাছে হেরে যান। পরে দলীয় প্রার্থী মির্জা হাকিবুর রহমান কারচুপির অভিযোগ তুলে আদালতে মামলা করেন। যার কারণে ২০২১ সালে নির্বাচন বন্ধ ছিলো। পরে নির্বাচনের স্বার্থে তিনি মামলা প্রত্যাহারের আবেদন করেন। তবে সীমানা জটিলতায় ফের নির্বাচন আটকে যায়। নির্বাচন কমিশন সীমানা বিভাজনের আবেদন বাতিল করে গত ৩১ মে তাফশিল ঘোষণা করেন। তাফশিল ঘোষণা অনুযায়ী গতকাল নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

## ঝিনাইদহে অস্ত্র মামলায় একজনের

প্রদান করেন। ফারুক হোসেনকে ওই উপজেলার সদরের মহামায়া গ্রামের বাসিন্দা। মামলার বিবরণে জানা যায়, ২০১৭ সালের ২২ ফেব্রুয়ারী ঝিনাইদহ সদরের হলিধানী এলাকা থেকে ফারুক হোসেনের দেহতল্লাশী করে একটি ওয়ান শুটারগান ও এক রাউন্ড গুলি উদ্ধার করে পুলিশ। পুলিশ বাদী হয়ে পর দিন ২৩ ফেব্রুয়ারি সদর থানায় ফারুক হোসেন, রাশিদুল ইসলাম ও লিটনের নামে মামলা দায়ের করে। তদন্ত শেষে পুলিশ ২০১৭ সালের ১৭ মার্চ আদালতে চার্জশীট দাখিল করেন। দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে আদালত ওই মামলায় আসামীকে পৃথক দুটি ধারায় ১০ বছর ও ৭ বছরের সশ্রম কারাদন্ডাদেশ দেন। মামলার অপর আসামী রাশিদুল ইসলাম ও লিটনের বিরুদ্ধে অভিযোগ প্রমানিত না হওয়ায় খালাশ দেওয়া হয়েছে।

## ঝিনাইদহে জুয়েলারি অ্যাসোসিয়েশন

শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে সেখানে বাজুস ঝিনাইদহ শাখার সভাপতি পঞ্চরেশ চন্দ্র পোদ্দারের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন, জেলা জুয়েলারি অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক সাধন সরকার, কার্যনির্বাহী সদস্য বিকাশ রায়, অচিন্ত্য রায় ও নির্মল চন্দ্র।

বক্তারা বলেন, বর্তমানে স্বর্ণ ব্যবসার বিকাশ ঘটেছে, প্রান্তিক পর্যায়ের স্বর্ণ কারিগরদের উৎসাহিত করতে আমাদের সভাপতি সায়েম সোবাহান আনভীর মহোদয়ের বার্তা ও সার্বিক দিক নির্দেশনা নিয়ে আমরা প্রতিনিয়ত মতবিনিময় করে যাচ্ছি। আমাদের নেতা প্রতিটি জেলায় জেলায় একটি করে ফ্যাক্টরি করে দেওয়ার প্রস্তুতি নিয়েছেন। জেলা পর্যায়ে ফ্যাক্টরি হলে সেখানে আমাদের কর্মসংস্থান তৈরী হবে। ফলে অনেক বেকার সমস্যা সমাধান হবে।

পরে জুয়েলারি অ্যাসোসিয়েশন (বাজুস'র) গীতাঞ্জলি সড়কের অফিসে কেক কাটার মধ্যদিয়ে অনুষ্ঠানটি শেষ হয়। উল্লেখ্য, এছাড়াও ঝিনাইদহ জেলার ৬ উপজেলায় জুয়েলারি অ্যাসোসিয়েশনের আয়োজনে র‌্যালি, আলোচনাসভা ও কেক কাটা হয় .বলে জানিয়েছেন ঝিনাইদহ জুয়েলারি অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক সাধন সরকার।

## শৈলকুপায় অনুমোদনহীন মাদ্রাসায়

মসজিদে অনুমোদনহীন একটি মাদ্রাসা খুলেছেন ঝিনাইদহ দুধসর গ্রামের রফিকুল ইসলাম ও ঝিনাইদহের জুবায়েদ হোসেন। তারা মসজিদের ভিতরে এলাকার শিক্ষার্থীদের কোরআন ও বাংলা শিক্ষা দেয়।

অভিযোগ থেকে জানা যায়, দুধসর গ্রামের সর্দারপাড়ার তরিকুল ইসলামের ৭ বছর বয়সী ছেলে হাসিব এক শিক্ষকের কাছে কোরআন শিক্ষা গ্রহণ করে। শিশু হাসিব রফিকুল ও জুবায়েদের মাদ্রাসায় ভর্তি না হওয়া তাকে প্রায় মানসিক ভাবে নির্যাতন করত। সর্বশেষ গত শনিবার শিশু হাসিবকে ডেকে বেধড়ক মারপিট করে জুবায়েদ। শিশু হাসিবে আত্মচিৎকারে অন্য শিশুরা ছুটে এলে তাদের ভয়ভীতি দেখিয়ে পাঠিয়ে দেয়। শিশু হাসিব বিষয়টি বাড়িতে গিয়ে জানালে পরিবারের লোকজন জুবায়েদকে জিজ্ঞাসা করে। জুবায়েদ উল্টো হাসিবের পরিবারের লোকজনকে হুমকি দেয়। পরের রোববার সন্ধ্যায় হাসিব মসজিদে নামাজ আদায় করতে গেলে তাকে গলাটিপে শ্বাসরোধ করতে যায় অপর শিক্ষক রফিকুল। হাসিবের আত্মচিৎকারে অন্যরা এগিয়ে এলে তাদেরও মারধর করতে যায় সে। বিষয়টি নিয়ে শৈলকুপা থানায় অভিযোগ করেছেন হাসিবের পিতা তরিকুল ইসলাম।

এ ব্যাপারে শৈলকুপা থানার ওসি আমিনুল ইসলাম বলেন, আমরা একটি অভিযোগ পেয়েছি। তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা হবে।

## আলমডাঙ্গায় বাংলাদেশ জুয়েলার্স

সভায় বক্তব্য রাখেন বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস) আলমডাঙ্গা উপজেলা শাখার সভাপতি মাতৃশ্রী জুয়েলার্সের মালিক বাবু দিলীপ কুমার চৌধুরী, সাধারণ সম্পাদক ফাতেমা জুয়েলার্সের মালিক হাজী আব্দুল জলিল, সহসভাপতি বাবু বিশ্বজিৎ সাধুখাঁ, ফাতেমা জুয়েলার্সের ম্যানেজার আব্দুর রশিদ মালিথা, জয়ন্ত কুড়ি, সহসম্পাদক বাবু প্রশান্ত কুমার সিহি, সাংগঠনিক সম্পাদক বুদ্ধদেব সিংহ রায়, বিজয় কুমার সিহি বিজু। এছাড়াও উপস্থিত ছিলেন ফাতেমা জুয়েলার্স এন্ড হল মার্কের সত্তাধিকারী ইস্তিয়াক অরিন, ওমর আলী শেখ, দিলিপ পোদ্দার, প্রসাদ ঘোষ, নিমাই রায়, বাপ্পী সিহি, অমেন্দ্রনাথ কর্মকার, বলাই কর্মকার, মাধবপাত্র, রানা, সাগর, সত্য সিহি, রতনপাত্র, মধু মজুমদার, সমীর মজুমদার, উজ্জল কর্মকার, হিমু ব্যানার্জী, শ্রীদাম কর্মকার, তন্ময় কুমার ধর, শংকর, অরুপ দত্ত, হরিষ কর্মকারসহ বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস) আলমডাঙ্গা উপজেলা শাখার নেতৃবৃন্দ, সদস্য ও স্বর্ণ শ্রমিক সমিতির নেতৃবৃন্দ এবং সদস্যরা উপস্থিত ছিলেন।

## মহেশপুরে যৌতুকের দাবিতে

যাদবপুর ইউনিয়নের গয়েশপুর গ্রামের আব্দুল মান্নানের ছেলে আশিকুর রহমান আশিকের সাথে বিয়ে হয়। বিয়ের পর থেকে বিভিন্ন সময় যৌতুকের টাকার দাবিতে আশিক আমার মেয়েকে মারপিট করে আসছিলো। তাদের ঘরে ১৬ মাস বয়সের একটি ছেলে রয়েছে। তিনি আরো জানান, রবিবার বিকালে আশিক যৌতুকের টাকার জন্য আমার মেয়েকে মারপিট করে গলাই ফাঁস দিয়ে ঘরের আড়াই ঝুলিয়ে রেখে মৃত্যুর পর হাসপাতালে নিয়ে আসে। মামলার তদন্তকারী কর্মকর্তা মহেশপুর থানার এস আই রেজাউল ইসলাম জানান, লাশের শরীরে যা দেখেছি আর যা পেয়েছি ময়না তদন্তের রিপোট হাতে না পাওয়া পর্যন্ত কিছুই বলা যাচ্ছেনা। তবে নিহত লিজার স্বামী আশিক একজন মাদক ব্যবসায়ী। তার নামে কয়েকটি মাদকের মামলাও রয়েছে।

## প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে

নিলয় কুমার ভদ্র, সহ-সাধারণ সম্পাদক অশোক কুমার বকসী, অসীম সরকার, প্রভাষ চন্দ্র ভদ্র, বাজুস বাগেরহাট জেলা শাখার উপদেষ্টা সঞ্জয় কুমার বকসী, বাজুস নেতা উত্তম বকসী, শ্যামল বকসী, প্রবীর সরকার, সুভাস চন্দ্র ঘরামী, স্বপন ভদ্র, সম্ভু বকসীসহ স্বর্ণ ব্যবসায়ী ও কারিগররা অংশগ্রহন করেন।

র‌্যা লী শেষে সংক্ষিপ্ত আলোচনা সভায় বক্তারা বলেন, বিশিষ্ট ব্যবসায়ী সায়েম সোবহান আনভীর বাজুস কেন্দ্রীয় কমিটির প্রেসিডেন্ট হিসেবে দায়িত্বভার গ্রহণের পর থেকে স্বর্ণ ব্যবসায় আমুল পরিবর্তন এসেছে। স্বর্ণ ব্যবসায়ীদের সম্মান বৃদ্ধিতে তিনি নানা উদ্যোগ নিয়েছেন। সারাদেশের সকল জুয়েলারি ব্যবসায়ীদের এক করে দিয়েছেন বাজুস প্রেসিডেন্ট সায়েম সোবহান আনভীর। তার উদ্যোগের কারণে বাংলাদেশে জুয়েলারি সেক্টরে বিপ্লব ঘটেছে। বাজুস প্রেসিডেন্ট সায়েম সোবহান আনভীর নেতৃত্বে বিশ্বের দরবারে অনন্য উচ্চতায় পৌঁছে যাবে স্বর্ণ ব্যবসা বলে জানান বাজুস নেতারা।

## বাগেরহাটে কৃতি খেলোয়াড়দের

রঞ্জন সাহা, সাধারণ সম্পাদক তালুকদার আব্দুল বাকী, জেলা ক্রীড়া সংস্থার সহ সভাপতি অধ্যক্ষ খোন্দকার আছিফ উদ্দিন রাখী, জেলা ক্রীড়া অফিসার হোসাইন আহমাদ, জেলা ক্রীড়া সংস্থার কর্মকতা আসমা আক্তার,শওকত আলী বাবুসহ কৃতি খেলোয়াড়রা উপস্থিত ছিলেন।

সম্মাননা শেষে জেলা প্রশাসক বলেন, যে ২৬ জন কে সম্মাননা প্রদান করা হয়েছে তারা জেলার এক একটি নক্ষত্র। বাংলাদেশ থেকে এশিয়ান গেমস এ অংশগ্রহনকারী একমাত্র পুরুষ ভারোত্তোলক নাইম বাগেরহাটের সন্তান। যা আমাদের গর্বের বিষয়। এসব খেলোয়াড়দের দিকে নজর দিতে হবে। তারা যাতে ঝড়ে না যায়, সে জন্য উদ্যোগ নিতে হবে।

ভারত্তোলনসহ ১১ টি ক্যাটাগরীতে স্বর্ন পদক প্রাপ্তদের ৫ হাজার টাকা ও ক্রেস্ট এবং বিভিন্ন ক্যাটাগরিতে রৌপ পদক প্রাপ্ত ১১ খেলোয়াড়কে ৩ হাজার টাকা ও ক্রেস্ট এবং জাতীয় পর্যায়ে বিভিন্ন খেলায় ব্রঞ্চপদক প্রাপ্ত ৪জন খেলোয়াড়কে ২ হাজার টাকা ও ক্রেস্ট প্রদান করা হয়।

## গাংনীতে বিদ্যালয়ে সীমানা প্রাচীর

দেওয়া হচ্ছে ১০/১০ ইঞ্চি। সীমানা প্রাচীর নির্মানের জন্য স্থাপিত পিলারে নিম্নমানের সামগ্রী ব্যবহার করায় একটু ধাক্কা দিলে কিংবা হাত দিয়ে ঘষা দিলে তা খুলে পড়ে যাচ্ছে বলে অভিযোগ তুলেছে স্থানীয়রা। স্থানীয় বাসিন্দা স্বপন জানান, সরকার কোটি কোটি টাকা খরচ করে বিভিন্ন প্রতিষ্ঠানে উন্নয়নমূলক কাজ করছে। সেই সকল কাজ যদি স্থায়ী না হয় তাহলে বারবার এত টাকা খরচ করলে সরকার টাকা পাবে কোথায়। একই কথা জানালেন রবিউল ইসলাম । তিনি আরো জানান, হাতের ঘষা দিয়ে খোয়া,সিমেন্ট, বালি উঠে যাচ্ছে। ছাত্ররা বল খেলার সময় বলের আঘাতে পিলার ভেঙ্গে যাচ্ছে। মালামাল সরিয়ে নিয়ে নতুন করে প্রাচীর নির্মাণের আহবান জানান তিনি। ঠিকাদারী প্রতিষ্ঠানের শ্রমিক মধু মিয়া জানান, ঠিকাদার যেভাবে বলছেন সেভাবেই কাজ করা হচ্ছে। ঠিকাদার ১০/১০ গাথুনী দিয়ে পিলার তৈরী করতে বলেছেন। এখন আবার অফিস থেকে স্যার এসে ১০/১২ ইঞ্চি ঢালাই দেয়ার কথা বলছেন। তাই স্যারদের কথামতো নতুন করে ঢালাই শুরু করা হয়েছে। তবে নিম্ন মানের সামগ্রীর বিষয়টি তিনি স্বীকার করেছেন। দেবীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় সভাপতি উম্মে কুলসুম জানান, লোক মুখে শুনেছেন নিম্নমানের কাজ হচ্ছে। ম্যানেজিং কমিটির সদস্যদের বিষয়টি জানিয়েছেন এবং জরুরী সভা ডাকবেন বলেও জানান। তিনি আরো জানান, এলজিইডি অফিস থেকে কোন কাজের সিডিউল দেখানো হয়নি। গাংনী উপজেলা প্রকৌশলী ফয়সাল হোসেন জানান, নির্মানাধীন প্রাচীরে নিম্নমানের সামগ্রী ব্যবহৃত হয়েছে। খোয়া বালু ও সিমেন্টের আনুপাতিক হর কম হওয়ায় প্রাচীর ভেঙ্গে নতুন করে নির্মানের আদেশ দেয়া হয়েছে। সেই সাথে নিম্নমানের সামগ্রী সরিয়ে নিতে বলা হয়েছে। বর্তমানে সিডিউল মতো কাজ হচ্ছে।

## জাতীয়করণের দাবিতে গাংনীতে

বিদ্যালয় ও কলেজ প্রধান শিক্ষক আফজাল হোসেনের সভাপতিত্বে এবং রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমানের সঞ্চালনায় মানববন্ধনে দাবী তুলে ধরে বক্তব্য রাখেন, হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক মনিরুজ্জামান, জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আব্দুল করিম, সিএফএম মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আল হেলাল ও গাংনী স্কুল এন্ড কলেজের শিক্ষক শফি কামাল কামাল পলাশসহ শিক্ষকবৃন্দ। বক্তারা বলেন, একই কারিকুলামে শিক্ষাদানসহ একই নিয়ম মেনে শিক্ষকতা করা হলেও সরকারী প্রতিষ্ঠানের শিক্ষকরা বেতন বেশি বেতন পান। এ ধরনের বৈষম্যতা দুরীকরণে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে জাতীয় করণের আবেদন জানানো হয়।

## বিএমএর কেন্দ্রীয় কর্মসূচী অমান্যের

ঝামেলায় পড়বেন। শনিবার (১৫ জুলাই) বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশন (বিএমএ) ও অবস্ট্রেট্রিক্যাল অ্যান্ড গাইনেকোলজি সোসাইটি অব বাংলাদেশের (ওজিএসবি) যৌথ বৈঠক শেষে এই সিদ্ধান্ত জানানো হলেও তা মানছে না মেহেরপুরের তাহের ক্লিনিক। এ ব্যাপারে মেহেরপুর বিএমএর সদস্য ডা. মেহেদী হাসান লিটন জানান, ব্যক্তিগতভাবে আমাদের সাথে একমত পোষণ করেছেন ডাঃ তাহের। কিন্তু তিনি তার কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। আর জোর করে তাকে বন্ধ রাখতে বলতে পারি না আমরা। ডাঃ তাহের বিএমএর কেন্দ্রীয় নির্দেশ অমান্য করলে কেন্দ্র তার ব্যবস্থা নিবে। বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশন (বিএমএ) মেহেরপুর জেলা কমিটির সভাপতি ডা. আবুল বাশার জানান, আজ এবং আগামীকাল দুদিন আমাদের কর্ম বিরতি রয়েছে। আমরা জেলার সবাই একমত পোষণ করে কর্ম বিরতি পালন করছি। তাহের ক্লিনিক কর্মবিরতি পালন করছেন না এমন অভিযোগ কেউ করেনি। তিনি খোঁজ খবর নিয়ে পরে জানাবেন বলে জানান। মেহেরপুরে অন্যসব ক্লিনিক কেন্দ্রঘোষিত কর্মসূচী পালন করলেও তাহের ক্লিনিক কর্মসূচী অমান্য করায় চরম অসন্তোষ ও ক্ষোভ প্রকাশ করেছেন অনেক ক্লিনিক মালিক ও চিকিৎসক। এবিষয়ে ডাঃ আবু তাহের বলেন, আমাদের যে কর্মবিরতি চলছে এটা বিএম এর কোন কর্মসূচি নয়। আবার প্রাইভেট ক্লিনিক এসোসিয়েশনের যে প্লাটফর্ম আছে তারও কর্মসূচি নয়। তই এ কর্মসূচি মানা বা না মানাই কারো কোন বাধ্যবাধকতা নেই। আমরা এ কর্মসূচির পালন করায় বাধা দিচ্ছি না। আমাদের এতে মৌন সমর্থন আছে।

উল্লেখ্যঃ গত ৯ জুন সেন্ট্রাল হসপিটালে অধ্যাপক ডা. সংযুক্তা সাহার (গাইনি) অধীনে ভর্তি হন মাহাবুবা রহমান আঁখি। কিন্তু সেদিন ডা. সংযুক্তা হসপিটালেই ছিলেন না। পরে তার দুই সহযোগী চিকিৎসক আঁখির প্রসব করানোর চেষ্টা করেন। কিন্তু জটিলতা দেখা দেওয়ায় নবজাতককে এনআইসিইউতে রাখা হয়। একই সঙ্গে আঁখির অবস্থার অবনতি হলে তাকে ল্যাবএইড হাসপাতালে স্থানান্তর করা হয়। ১০ জুন বিকেলে সেন্ট্রাল হসপিটালে আঁখির নবজাতক সন্তান মারা যায়। এ ঘটনায় আঁখির স্বামী ইয়াকুব আলী ধানমন্ডি থানায় 'অবহেলাজনিত মৃত্যুর একটি মামলা দায়ের করেন। মামলায় ডা. শাহজাদী মুস্তার্শিদা সুলতানা, ডা. মুনা সাহা, ডা. মিলি, সহকারী জমির, এহসান ও হাসপাতালের ম্যানেজার পারভেজকে আসামি করা হয়। এছাড়া অজ্ঞাতনামা আরও কয়েকজন কে আসামি করা হয়েছে। মামলা দায়েরের পর ১৫ জুন রাতে ডা. শাহজাদী ও ডা. মুনা সাহাকে হাসপাতাল থেকে গ্রেপ্তার করে পুলিশ। ১৮ জুন দুপুর ১টা ৪৩ মিনিটে ল্যাবএইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান মাহবুবা রহমান আঁখিও।

## গাংনীতে সড়ক দুর্ঘনায় আহত

লাগে। এবং শুভ সড়কে ছিটকে পড়েন। জয়ের একটি হাতের হাড় ভেঙ্গে বিচ্ছিন্ন হয়ে গাছের মধ্যে ঢুকে পড়ে। এবং শুভ'র মাথাসহ শরীরের বিভিন্ন অংশে আঘাত হয়। ফলে দু'বন্ধুই গুরুতর ভাবে আহত হন। পথচারীরা তাদের উদ্ধার করে প্রথমে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়। পরে তাদের শারীরিক অবস্থার অবনতি দেখা দিলে সেখান থেকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। শেষমেষ জয়কে ঢাকায় নেয়া হয়। রবিবার দিবাগত মধ্যেরাতে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শুভ মারা যান।

## ইবিতে 'হুইসেলব্লোয়িং' শীর্ষক

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সভাপতি সহযোগী অধ্যাপক ড. বলেন, 'আগামীতে দেশ তরুণরা নেতৃত্ব দিবে। তারা যদি সকল পরিস্থিতিতে অন্যায়, অনিয়মের বিরুদ্ধে আওয়াজ তুলে সব বাধা দূর করে লক্ষ্যে পৌঁছাতে পারবে। হুইসেলব্লোয়িং প্রোগ্রামের মাধ্যমে তরুণদের মধ্যে সচেতনতা সৃষ্টি হয় যা তাদের লক্ষ্য অর্জনে সহায়ক হবে।' ওয়ার্কশপের প্রকল্প পরিচালক ড. নুরুল হুদা সাকিব বলেন,ভবিষ্যতে দেশের নেতৃত্ব দেবে তরুণরা। হুইসেলব্লোয়িং প্রোগ্রাম সম্পর্কে খুব কম তরুণই জানে। আমাদের এই ওয়ার্কশপের মাধ্যমে তরুণদেরকে এ সম্পর্কে জানাতে চাই এবং সুসংহত সমাজ প্রতিষ্ঠা করতে চাই। এই ওয়ার্কশপের মাধ্যমে প্রতিবাদের প্রকৃত পদ্ধতি এবং তাদের সুরক্ষার জন্য যে আইন রয়েছে তা জানানোর মধ্য দিয়ে তরুণদের মধ্যে নেতৃত্বের গুণাবলি বিকশিত হবে। এতে সমাজে বিদ্যমান অনিয়ম ও দুর্নীতির চর্চা কিছুটা হলেও দূরীভূত হবে বলে আশা রাখি।' উল্লেখ্য, অধ্যাপক নুরুল হুদা সাকিব ইএমকে সেন্টারের অর্থায়নে শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য ওয়ার্কশপটির আয়োজন করেছেন। গণ বিশ্ববিদ্যালয় ছাড়াও ,জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়,ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কুমিল-া বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস মোট ১২টি পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে এ সম্পর্কিত ১২ টি ওয়ার্কশপ পর্যায়ক্রমে অনুষ্ঠিত হবে।

## মেহেরপুরে বাজুসের প্রতিষ্ঠা

মেহেরপুর জেলা বজুসের সভাপতি কিশোর কুমার পাত্র। মেহেরপুর বাজুসের সাধারণ সম্পাদক শেখ মোমিনের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সহ সভাপতি আবদুল মজিদ খোকন, সাংগঠনিক সম্পাদক অসিম কুমার, যুগ্ম সম্পাদক মোস্তাফিজুর রহমান মনা, অর্থ সম্পাদক ইমাদিুল ইসলাম প্রমুখ। আলোচনা সভা শেষে কেক কেটে আতিথিতিদের মিষ্টমুখ করানো হয়। মুজিবনগর ও গাংনী উপজেলা বাজুসের উদ্যোগে একই কর্মসূচি পালিত হয়েছে।

## মেহেরপুরে গলায় ফাঁস দিয়ে

জানা যায়, মুজিবনগরের নাজিরাকোনা গ্রামের জানালী মাল দির্ঘদিন বেকার থাকাই ছেলেদের সাথে বিরোধ হয়। বিভিন্ন সময় পরিবারের নানা কটু কথার কারণে সে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করে। অপরদিকে গাংনী উপজেলার দেবিপুর গ্রামের পানশুনা স্বামী ও সন্তানের উপর অভিমান করে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন। মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল ও গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

## বাগেরহাট থেকে বাসসহ খুলনামুখী

মাইক্রো, হাইএস, ইজিবাইক, মাহিন্দ্রাসহ অন্যান্য যানকেও খুলনার দিকে যেতে বাঁধা দেওয়ায় অভিযোগ পাওয়া গেছে। তবে বাগেরহাট বাস মালিক সমিতি বলছে, মহাসড়কে ইজিবাইক, মাহেন্দ্র (থ্রি-হুইলার), নসিমনসহ অযান্ত্রিক অবৈধ যান চলাচল বন্ধের দাবিতে ধর্মঘট করছেন তারা। এদিকে হঠাৎ করেই বাগেরহাট থেকে খুলনাগামী বাসসহ সব ধরণের যান চলাচল বন্ধ হওয়াতে দুর্ভোগে পড়েছেন সাধারণ মানুষ।

বাসের চালক ও হেলপাররা বলেছেন, বাগেরহাট আন্তঃজেলা বাস মিনিবাস মালিক সমিতির সিদ্ধান্তের প্রেক্ষিতে সোমবার সকাল থেকে সব ধরণের বাস চলাচল বন্ধ রয়েছে। খুলনা যেতে কচুয়ার গোপালপুর থেকে বাগেরহাট বাসস্ট্যান্ডে আসা রফিকুল ইসলাম মোল্লা বলেন, আমার এক আত্মীয় অসুস্থ। খুলনার হাসপাতালে ভর্তি। তাকে দেখতে যাব বলে সকালে বাড়ি থেকে বাসস্ট্যান্ডে আসি। দেড় ঘন্টা দাঁড়িয়ে থেকেও কোন বাসে যেতে পারেনি। বাস তো চলছেই না অন্য কোন যান বাহনও যাচ্ছেনা। ইজিবাইক, মাহিন্দ্রও চলতে দিচ্ছে না। বলেন কী করি? বেলা ১১টার দিকে বাগেরহাট বাসস্ট্যান্ডের সামনে দেখা যায় কয়েকটি মাইক্রোর পথ আটকে জিজ্ঞাসাবাদ করছেন কয়েক ব্যক্তি। তাদের হাতে ছিল লাঠি ও কাঠের বাতা। মাইক্রো দুটিকে পরে আটকে দেওয়া হয়। দুপুর পর্যন্ত বাস স্ট্যান্ড থেকে খুলনামুখী কোন গাড়িই ছেড়ে যায়নি। পিরোজপুর ও বরিশাল থেকেও এই পথে চলাচল করা কোন বাস বাগেরহাটের উপর দিয়ে এদিন খুলনায় যায়নি। বেলা সোয়া এগারোটার দিকে শহরের ভিআইপি মোড় এলাকা দিয়ে যাওয়ার সময় একটি মাইক্রো আটকে চালক ও যাত্রীদের মারধরের ঘটনা ঘটে। বাগেরহাট মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কেএম আজিজুল ইসলাম বলেন, চোর সন্দেহে সাহাপাড়া (ভিআইপি মোড়) এলাকায় কয়েকজনকে আটকে রাখার কথা শুনেছি। তাদের সাথে মাইক্রোও ছিল। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। যান চলাচল বন্ধ বা কোথাও বিএনপির লোকদের বাধা দেওয়ার কোন খবর জানা নেই বা বিএনপির পক্ষ থেকেও কোন অভিযোগ করা হয়নি বলে জানান তিনি।

## খুলনায় তারুণ্যের সমাবেশে

চত্বর এলাকায় এ ঘটনা ঘটে। সমাবেশে উপস্থিত ছিলেন এমন কয়েকজন নেতা বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে জানিয়েছেন, খুলনা নগর বিএনপির আহ্বায়ক শফিকুল আলম মনা ও সদস্যসচিব শফিকুল আলম তুহিনের নেতৃত্বাধীন পক্ষের সঙ্গে নগর বিএনপির সাবেক সভাপতি নজরুল ইসলাম মঞ্জু পক্ষের এ হাতাহাতি হয়। প্রত্যক্ষদর্শীরা বলেন, বিএনপি নেতা নজরুল ইসলাম মঞ্জু হলুদ গেঞ্জি ও হলুদ ক্যাপ পরিহিত অনুসারীদের নিয়ে দুপুর সাড়ে ১২টার দিকে সমাবেশ মঞ্চের সামনে অবস্থান নেন। এ সময় মঞ্চে গান ও কবিতা পরিবেশন হচ্ছিল। দুপুর দেড়টা পর্যন্ত তারা সেখানেই ছিলেন। দেড়টার দিকে সমাবেশ মঞ্চ থেকে নগর বিএনপির সদস্যসচিব শফিকুল আলম তুহিন এবং জেলা বিএনপির সদস্যসচিব মনিরুল হাসান বাপ্পী মঞ্চের সামনের জায়গা থেকে হলুদ গেঞ্জি পরা কর্মীদের পেছনে চলে যেতে বলেন। একইসঙ্গে তারা লাল ও সবুজ ক্যাপ পরা নিজেদের অনুসারীদের মঞ্চের সামনে অবস্থান নেওয়ার নির্দেশ দেন। এ ঘোষণার পর বিএনপির বর্তমান কমিটির নেতাদের অনুসারীরা মঞ্চের সামনের দিকে চলে আসেন। এ সময় দুই পক্ষের মধ্যে পাল্টাপাল্টি ধাওয়া ও হাতাহাতির ঘটনা ঘটে। এতে ৪-৫ জন নেতাকর্মী আহত হন। একপর্যায়ে বিএনপি নেতা মঞ্জু তার অনুসারীদের নিয়ে পেছনের দিকে সরে যেতে বাধ্য হন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তবে তিনি মঞ্চে ওঠার আগেই এসব ঘটনা ঘটে।

## সৌর সেচ প্রকল্পের সুবিধা পাচ্ছে

সম্ভাবনাময় পরিবেশবান্ধব নবায়নযোগ্য বিদ্যুৎ খাতে কাঙ্ক্ষিত অগ্রগতি হচ্ছে না। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের 'সৌরশক্তি ও পানি সাশ্রয়ী আধুনিক প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি (পাইলট)' প্রকল্পটি ২০১৭ সালের জুলাইয়ে শুরু হয়। প্রকল্পের আওতায় ৬৫ কোটি ৭০ লাখ টাকা ব্যয়ে ১০০ উপজেলায় ১০৫টি সোলার সেচ পাম্প স্থাপন করা হয়। আর ৮২ কোটি ৬৩ লাখ টাকা ব্যয়ে বিএডিসির 'সৌরশক্তি ব্যবহারের মাধ্যমে ক্ষুদ্র সেচ উন্নয়ন' প্রকল্পটি ২০১৮ সালের অক্টোবরে শুরু হয়ে এ বছরের জুনে শেষ হয়। প্রকল্পটি বাস্তবায়ন হয় ৩৪ জেলার ১৪১ উপজেলায়। সৌর বিদ্যুতে প্রতিটি সেচ পাম্প চালানোর জন্য স্থানীয়দের নিয়ে গঠন করা হয়েছে কমিটি। ওই কমিটি প্রতি শতাংশ জমির জন্য ৫০ টাকা করে সেচ খরচ নেয়।

## শিক্ষকের থাপ্পড়ে স্কুলছাত্রের মৃত্যু

কালিগঞ্জ থানায় দায়ের করেন। গ্রেপ্তারকৃত চারজন শিক্ষক হলেন, নলতা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোনায়েম পাড়ু, সহকারী প্রধান শিক্ষক মুহিদ, হিসাব বিজ্ঞান বিভাগের শিক্ষক অবকাশ খাঁ, অপর শিক্ষক হলেন শীতার্থ। পলাতক রয়েছেন মনিরুল ইসলাম।

কালিগঞ্জ থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মামুন রহমান সোমবার ঢাকা পোস্টকে বলেন, আটককৃত শিক্ষকদের মধ্যে একজন স্বীকারোক্তি দিয়েছেন মৃত ওই শিক্ষার্থীকে তিনি কয়েকটা চড় থাপ্পড় মেরেছিলেন, তবে কোনো প্রকার লাঠিচার্জ করেননি। নিহতের বাবা বাদী হয়ে সোমবার সকালে ৫ জন শিক্ষকের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করেন। একজন শিক্ষক পলাতক রয়েছেন এজন্য তাকে গ্রেপ্তার করা সম্ভব হয়নি। চার শিক্ষককে জেল হাজতে পাঠানোর প্রক্রিয়া চলছে।

## শরীরের মাংস তুলে নারীকে

হোসেন শামীম জানান, তুচ্ছ ঘটনার জের ধরে ১১ জুলাই সকাল ৭টার দিকে ইসলামনগর এলাকায় এক আত্মীয়র বাসায় গিয়ে ডাকাডাকি করলে পাশের বাড়ির লোকের ঘুম ব্যাঘাত ঘটায় মানসিক প্রতিবন্ধী ওই নারীকে বিবস্ত্র করে নির্যাতন করা হয়। একপর্যায়ে দা দিয়ে কুপিয়ে ইসমত আরার শরীরের মাংস তুলে ফেলে নির্যাতনকারীরা। পরে তাকে টেনে হিঁচড়ে নিয়ে মহাসড়কের পাশে ফেলে দেওয়া হয়।

সেখান থেকে স্থানীয় কয়েকজন যুবক তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে। এ ঘটনায় শনিবার নির্যাতনের শিকার ইসমত আরার বোন জিন্নাত আরা বাদী হয়ে চকরিয়া থানায় চারজনের বিরুদ্ধে হত্যাচেষ্টার একটি মামলা করেন। পরে শনিবার (১৫ জুলাই) দিবাগত রাতে ইসলামনগর এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়।

জিজ্ঞাসাবাদে গ্রেপ্তার ব্যক্তিরা ঘটনার সঙ্গে সম্পৃক্ততার কথা স্বীকার করেছে। ঘটনায় জড়িত ২নং আসামীকে গ্রেফতারে র‌্যাবের ভিযানিক কার্যক্রম অব্যাহত রয়েছে বলে জানান তিনি।

চকরিয়া থানার ওসি (তদন্ত) মো. আব্দুল জব্বার বলেন, মানসিক প্রতিবন্ধি নারী ইসমত আরাকে হত্যা চেষ্টা মামলার তিনজন আসামিকে গ্রেপ্তারের পর চকরিয়া থানায় হস্তন্তর করেছে র‌্যাব। রোববার বিকালে তাদেরকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে।

## বাগেরহাটে প্রকৌশলীকে তুলে নিয়ে

বাগেরহাট পৌরসভা'র ৩ নং ওয়ার্ড ছাত্রলীগের সভাপতি, মারজান হাওলাদার সহ-সভাপতি, সুজন ইসলাম ৭নং ওয়ার্ডের সভাপতি এবং পরাগ হাওলাদার ছাত্রলীগের নেতাদের ঘনিষ্ঠ বলে জানা গেছে। অভিযোগে মারধরের শিকার প্রকৌশলী উল্লেখ করেন, ১২ জুলাই রাত ৯টার দিকে শহরের আমলাপাড়া এলাকার অফিসে কাজ করছিলেন তিনি। এসময়, মারজান হাওলাদার, রাকেশ দাস, পরাগ হাওলাদার, সুজন ইসলামসহ ১০-১২জন অজ্ঞাতনামা ব্যক্তি মোটরসাইকেলে অফিসের মধ্যে প্রবেশ করে, ঠিকাদারি কাজের টাকা পাওনা আছে, পরিশোধের জন্য তাকে হুমকি প্রদান করেন। তার টেবিলের কাছে এসে, তাকে শহরের কাঁচা বাজার সংলগ্ন বটতলা এলাকায় যেতে বলেন। প্রকৌশলী আবু হানিফ যেতে না চাইলে, তারা আবু হানিফকে মারধর ও জোরপূর্বক তুলে নিয়ে যাওয়ার চেষ্টা করেন। এসময় দায়িত্বরত আনসার সদস্য ও গেট অপারেটর বাঁধা দিলে তাদেরও মারধর করে। আবু হানিফকে জোরপূর্বক বটগাছের নিচে নিয়ে যায় এবং সেখানে লাঞ্চিত করেন।

## কলাগাছের তন্তু দিয়ে তৈরি শাড়ি

করা হয়েছে। গতকাল সোমবার দুপুরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মন্ত্রিসভা কক্ষে কলাবতী শাড়ি ও হস্তশিল্পজাত পণ্য গ্রহণ করেন প্রধানমন্ত্রী। বান্দরবানের জেলা প্রশাসক ইয়াসমিন পারভিন তিবরীজি কলাগাছের তন্তু থেকে তৈরি ৩টি শাড়ি এবং ২টি জুয়েলারি বক্স প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করেন। দেশের ইতিহাসে প্রথমবারের মতো কলা গাছের তন্তু থেকে মনিপুরী ডিজাইনের এই শাড়ি প্রস্তুত করেন মৌলভীবাজারের তাঁতশিল্পী রাধাবতী দেবী। প্রধানমন্ত্রীকে উপহার দেওয়া শাড়ি ৩টি তৈরি করেছেন অঞ্জলী দেবী ও দত্ত সিংহ। কলাবতী শাড়ি ছাড়াও পার্বত্য এলাকায় বাসোপযোগী আশ্রয়ণের একটি বিশেষ মাচাং ঘরের মডেল, জেলা ব্র্যান্ডের ক্যালেন্ডার এবং ব্র্যান্ড বুক প্রধানমন্ত্রীকে উপহার দেওয়া হয়। বান্দরবানের জেলা প্রশাসক প্রধানমন্ত্রীর কাছে এসব হস্তান্তর করেন।

## বুধবার জোটের শরিকদের সঙ্গে

হবে। দীর্ঘ ১৬ মাস পর তিন জোটের নেতাদের সঙ্গে বসছেন।

জোট সূত্র জানিয়েছে, বৈঠকে আগামী জাতীয় নির্বাচন নিয়ে আলোচনা হবে। বিএনপি ও তার মিত্রদের সরকার পতনের এক দফা আন্দোলন মোকাবিলায় করণীয় ঠিক করা হবে। সেইসঙ্গে দেশে বিদ্যমান পরিস্থিতি ও জনজীবনের সংকট মোকাবিলায় জোটের কার্যক্রম শক্তিশালী করার বিষয় নিয়েও শরিক নেতাদের সঙ্গে কথা বলবেন শেখ হাসিনা। গতকাল রোববার রাতে জোট শরিক বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন প্রধানমন্ত্রীর সঙ্গে জোট নেতাদের বৈঠকের তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেছেন, বৈঠকের জন্য শরিক দলগুলোকে আমন্ত্রণ জানানো হয়েছে।

## পশ্চিমবঙ্গের ভোটে ৩৫ জন নিহত

এনেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী হাছান মাহমুদ।

তিনি বলেছেন, সাম্প্রতিক সময়ে স্থানীয় সরকারের যেসব নির্বাচন হয়েছে, সেগুলো 'অত্যন্ত সুষ্ঠু ও অবাধ' হয়েছে এবং তাতে জনগণের 'ব্যাপক অংশগ্রহণ' ছিল। কেবল বরিশাল সিটি করপোরেশন নির্বাচনে হাতপাখার প্রার্থীকে ঘুষি মারার একটি ঘটনা ছিল, যেটি উচিত হয়নি। তারপরও ওই ঘটনাকে 'বড় করে দেখানো হয়েছে'।

"পশ্চিম বাংলার নির্বাচনে নির্বাচনী প্রক্রিয়ার শুরু থেকে শেষ পর্যন্ত ৩৫ জন নিহত হয়েছে। পরে আরও কয়েকজন হাসপাতালে মারা গেছে। সেই তুলনায় আমাদের নির্বাচনে একটা ঘুষি লেগেছে। আপনিই বিচার করুন আমাদের নির্বাচন কত সুষ্ঠু হয়েছে।"

সামসাময়িক বিষয় নিয়ে রোববার সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ের সময় এ কথা বলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হাছান মাহমুদ।

তিনি যখন সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলছিলেন, ক্যান্টনমেন্ট, বনানী, গুলশান এলাকা নিয়ে গঠিত ঢাকা-১৭ আসনের উপ নির্বাচনে তখন ভোটগ্রহণ চলছে।

## শিয়ালের কাছে কেউ মুরগি বর্গা দেয় না

বারবার যায় না, একবারই যায়। শিয়ালের কাছে কেউ মুরগি বর্গা দেয় না। গতকাল সোমবার বিকালে খুলনা বিভাগীয় তারুণ্যের সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, আওয়ামী লীগ রাজনৈতিকভাবে দেউলিয়া হয়ে গেছে। তারা হিরো আলমকে পর্যন্ত সহ্য করতে পারছে না। আজ হিরো আলম ভোটকেন্দ্রে গেলে তাকে আওয়ামী লীগের নেতাকর্মীরা তাকে বের করে দেয় এবং মাটিতে ফেলে মারধর করেছে। দেশে ডেঙ্গুতে মানুষ ৭৬ জন মারা গেছে। অথচ মানুষকে বিপদে ফেলে স্বাস্থ্যমন্ত্রী বিদেশ সফর করছেন। তাদের দেশের মানুষের প্রতি কোন দায়বদ্ধতা নেই। অধিকার আদায়ের জন্য সংগ্রামে ঝাঁপিয়ে পড়তে হবে।

## হিরো আলমকে মারধর আটক ২

গোয়েন্দা পুলিশের গুলশান বিভাগ সন্দেহজনক হিসেবে দুইজনকে আটক করেছে। এছাড়া ওই এলাকায় আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের উপস্থিতি বেড়েছে। আটকদের একজন হলেন শেখ শহীদুল্লাহ বিপ্লব, তিনি নিজেকে বনানী থানা শ্রমিক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক বলে দাবি করেছেন। অপর ব্যক্তির নাম সানোয়ার গাজী, তার বিস্তারিত পরিচয় জানা যায়নি।

গতকাল সোমবার বিকেল সাড়ে ৪টার দিকে বনানী বিদ্যানিকেতন স্কুলের সামনে থেকে তাদের আটক করা হয়।

একই স্থানে বিকেল সাড়ে ৩টার দিকে হিরো আলমকে মারধরের ঘটনা ঘটে। এই ঘটনার পর ডিবির টিম এসে ওই দুইজনকে আটক করে।

## নৌকার আরাফাতের জয়

৬২৫ ও নারী ভোটার ১ লাখ ৫৩ হাজার ৫৮০ জন। ১২৪টি কেন্দ্রের ৬০৫টি ভোটকক্ষে সকাল ৮টা থেকে শুরু হওয়া ভোটগ্রহণ চলে বিকেল ৪টা পর্যন্ত। ভোটগ্রহণ শেষে শুরু হয় গণনা। সব কেন্দ্রে ভোট হয় ব্যালট পেপারে।

বিকেল ৫টার পর থেকে ধীরে ধীরে বিভিন্ন কেন্দ্রের ফলাফল আসতে থাকে। প্রথমে ৫০টি এবং দ্বিতীয় ধাপে ১০৮ কেন্দ্রের প্রাপ্ত ফলাফল তুলে ধরেন রিটার্নিং কর্মকর্তা।

এর আগে সকাল ৮টায় ভোটগ্রহণ শুরুর পর বিভিন্ন কেন্দ্র ঘুরে দেখা যায়, ভোটার উপস্থিতি ছিল খুবই কম। ভোটগ্রহণের দায়িত্বে থাকা ব্যক্তিদের অলস সময় কাটাতে দেখা যায়। ধারণা ছিল, বেলা বাড়ার সঙ্গে সঙ্গে ভোটার উপস্থিতি বাড়বে। কিন্তু দুপুর গড়ালেও বিভিন্ন কেন্দ্র ছিল অনেকটাই ফাঁকা। এত কম ভোটার উপস্থিতি নিয়ে নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তারাও হতাশা ব্যক্ত করেন। তবে প্রার্থীদের কেউ কেউ জানান, স্বল্প মেয়াদের জন্য এ উপ-নির্বাচন হওয়ায় ভোটারদের আগ্রহ কম। তাই অনেকে ভোটকেন্দ্রে আসেননি। অন্যদিকে বিএনপি এ উপ-নির্বাচনে অংশ নেয়নি। ফলে ক্ষমতাসীন আওয়ামী লীগ প্রার্থীর সামনে প্রবল প্রতিদ্বন্দ্বী কোনো প্রার্থী ছিল না।

ভোটগ্রহণ শেষে বিকেলে নির্বাচন কমিশনার (ইসি) মো. আলমগীর সাংবাদিকদের জানান, ঢাকা-১৭ আসনে ঠিক কত শতাংশ ভোট পড়েছে সে তথ্য আমরা পাইনি। তবে খুবই কম ভোট পড়েছে। ধারণা করা হচ্ছে ১২ থেকে ১৩ শতাংশ হতে পারে, সর্বোচ্চ ১৪ থেকে ১৫ শতাংশ ভোট পড়তে পারে। ঢাকা-১৭ আসনের উপ-নির্বাচনে মোট প্রার্থী ছিলেন আটজন। তাদের মধ্যে আওয়ামী লীগ মনোনীয়ত মোহম্মদ আলী আরাফাত, জাতীয় পার্টির সিকদার আনিসুর রহমান, জাকের পার্টির কাজী মো. রাশিদুল হাসান, তৃণমূল বিএনপির শেখ হাবিবুর রহমান, বাংলাদেশ কংগ্রেসের মো. রেজাউল ইসলাম স্বপন ও বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তি জোটের মো. আকবর হোসেন দলীয় মনোনয়নে নির্বাচনে অংশ নেন।

# খুলনায় নদীর কিনারা থেকে দুদক আইনজীবীর মৃতদেহ উদ্ধার

**নিজস্ব প্রতিবেদক :** খুলনায় লুৎফুল কবির নওরোজ (৫৮)'র নামে এক আইনজীবীর মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ। তিনি দুর্নীতি দমন কমিশনের রাষ্ট্রপক্ষের আইনজীবী (পিপি)। বটিয়াঘাটার কাজিবাছা নদীর কিনারা থেকে এ মৃতদেহ পাওয়া যায়।

রবিবার (১৬ জুলাই) সন্ধ্যায় কাজিবাছা নদীর তেতুলতলা রিয়া হ্যাচারীর পুকুর থেকে লাশটি উদ্ধার হয়। লাশের মাথায় ও শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন রয়েছে।

রূপসা নৌ পুলিশ ফাঁড়ির ইনচার্জ শেখ মো. নুরুল ইসলাম জানান, হ্যাচারীর পুকুরটি কাজিবাছা নদীর সাথে সংযুক্ত। নদীর জোয়ারের পানি পুকুরটি যায়। নদী থেকে লাশটি ভাসতে ভাসতে পুকুরে যেতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। তাঁর মৃতদেহ ময়না তদন্তের জন্য খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

পুলিশ জানায়, লাশের পকেট থেকে মোবাইল ফোন ও পরিচয়পত্র উদ্ধার হয়েছে। গত দুই/তিন ধরে তিনি নিখোঁজ ছিলেন। তাঁর গ্রামের বাড়ি রূপসা উপজেলার আদুলের মোড় এলাকায়।




# ঝিনাইদহ উপজেলা পর্যায়ে শিশু প্রতিযোগিতার পুরস্কার বিতরনী অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ উপজেলা পর্যায়ে শিশু প্রতিযোগিতার পুরুস্কার বিতরনী অনুষ্ঠিত হয়েছে। ঝিনাইদহ উপজেলা প্রশাসনের আয়োজনে সোমবার বিকালে শিশু একাডেমীতে এ পুরস্কার বিতরন করা হয়। প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরন করেন ঝিনাইদহ সদর উপজেলা চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাড. মোঃ আব্দুর রশীদ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত। ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী কমকর্তা সাদিয়া জেরিনের সভাপতিত্বে পুরস্কার বিতরনী অনুষ্ঠিত হয়। এসময় আরো উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা মুহাঃ খালেকুজ্জমান, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রবীর কুমার কাঞ্জিলাল, মোহাঃ হামিদুল ইসলাম ও মোঃ শাজাহান রহমান।

## এশিয়া কাপের লড়াইয়ে তাকিয়ে আফগানিস্তান

**স্পোর্টস ডেস্ক :** প্রশ্নটা শুনে পাল্টা প্রশ্ন ছুড়ে দিলেন জোনাথন ট্রট, 'এশিয়া কাপ নিয়ে কি বলবেন?' কিছুটা নাটকীয় ভঙ্গিতে তাকিয়ে রইলেন, পরমুহূর্তে তার মুখে উঠল মুচকি হাসি। আফগানিস্তান কোচ এরপর চোট টিপে বললেন, 'আগে তো এশিয়া কাপ! সেদিকেই বরং মনোযোগ দেই.!" সংবাদ সম্মেলনে ট্রটের কাছে প্রশ্ন ছিল বিশ্বকাপ নিয়ে। এবারের বিশ্বকাপে নিজেদের প্রথম ম্যাচে আগামী ৭ অক্টোবর ধর্মশালায় মুখোমুখি হবে আফগানিস্তান ও বাংলাদেশ। রোববার শেষ হওয়া সীমিত ওভারের সিরিজটি থেকে নিশ্চয়ই বিশ্বকাপের ম্যাচ নিয়েও পরিকল্পনার অনেক রসদ মিলল দুই দলের!

# সাতক্ষীরা পৌরসভার বর্ধিত পানির বিল স্থগিত, নাগরিক কমিটির সন্তোষ

**নিজস্ব প্রতিবেদক :** জেলা নাগরিক কমিটির আন্দোলনও জনগনের দাবীর মুখে অবশেষে সাতক্ষীরা পৌরসভার বর্ধিত পানির বিল স্থগিত করা হয়েছে। সোমবার (১৭ জুলাই) সাতক্ষীরার পৌর মেয়র মোঃ তাজকিন আহমেদ চিশতি স্বাক্ষরিত এক অফিস আদেশে উক্ত বিল স্থগিত করা হয়। এর আগে সাতক্ষীরা জেলা নাগরিক কমিটিসহ বিভিন্ন সংগঠন বর্ধিত পানির বিল প্রত্যাহারের দাবী জানিয়ে পৌরসভার সামনে দু'দফা গণঅবস্থানসহ বিভিন্ন কর্মসূচি পালন করে। পৌরবাসীর ন্যায্য দাবীর প্রেক্ষিতে নির্বাচিত পৌর মেয়র মোঃ তাজকিন আহমেদ চিশতি স্বাক্ষরিত বিল স্থগিতের অফিস আদেশে সন্তোষ প্রকাশ করেছে সাতক্ষীরা জেলা নাগরিক কমিটি। সংগঠনের আহবায়ক এড. শেখ আজাদ হোসেন বেলাল ও সদস্য সচিব এড. আবুল কালাম আজাদ এক বিবৃতিতে পানির বর্ধিত বিল প্রত্যাহারের আন্দোলনে অংশগ্রহণ করায় পৌরবাসীকেও ধন্যবাদ জানান এবং পৌরসভার বিভিন্ন সমস্যার সমাধান ও নাগরিক সেবার মানোন্নয়নে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান। সাতক্ষীরা পৌর মেয়র মোঃ তাজকিন আহমেদ স্বাক্ষরিত অফিস আদেশে বলা হয়েছে, গত ৩০ এপ্রিল ২০২৩ সাতক্ষীরা পৌরসভার মাসিক সভার রেজুলেশনে পানির বিল বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করা হয় এবং ২৯ মে ২০২৩ তারিখে উক্ত বিল কার্যকর করা হয়।

অফিস আদেশে আরো বলা হয়েছে, পানির বিল বৃদ্ধির প্রতি আপত্তি ও ক্ষোভ জানিয়ে সর্বস্তরের পৌরবাসী মানববন্ধনসহ নানা কর্মসূচী পালন করে যাচ্ছে এবং উক্ত পানির বিল বৃদ্ধির প্রস্তাব যথাযথ আইনি বিধান অনুসরণ না করেই অনুমোদন দেয়া হয়েছে বলে সাতক্ষীরা জেলা নাগরিক কমিটির পক্ষ থেকে অভিযোগ জানানো হয়েছে। পৌরসভার নথিপত্রের উদ্বৃতি দিয়ে আদেশে আরো বলা হয়েছে, উক্ত পানির বিল বৃদ্ধি কার্যকরের ক্ষেত্রে পৌরবাসী পানি সরবরাহ ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৩ এর বিধি বিধান প্রতিপালিত হয় নাই। উক্ত নির্দেশিকার ১১ (৫) ১২ নং বিধি অনুযায়ী, পানির বিল বৃদ্ধি তথা পুনঃনির্ধারণের জন্য সংশ্লিষ্ট কমিটি বা কর্তৃপক্ষের অনুমোদন নেয়ার আইনি বাধ্যবাধকতা থাকলেও, এক্ষেত্রে তা প্রতিপালন করা হয় নাই। এমনকি, উক্ত নির্দেশিকার ১১ নং বিধিতে বর্ণিত বিধান অনুসরণ না করেই, পানির বিল ১০০% থেকে ৩০০% পর্যন্ত বাড়ানো হয়েছে, যা অস্বাভাবিক বেশি এবং পৌরবাসীর বিল পরিশোধের আর্থিক সামর্থ্যরে পরিপন্থী।

অফিস আদেশে মোঃ তাজকিন আহমেদ আরো উল্লেখ করেছেন, পৌরসভা পানি সরবরাহ ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৩ এর বিধি- বিধান অনুসরণ না করেই এবং পৌরবাসীর পানির বিল পরিশোধের আর্থিক সামর্থ্য বিবেচনা না করে, বিধি বহির্ভূতভাবে অফিস আদেশের মাধ্যমে নতুন পানির বিল কার্যকর করা হয়েছে। মেয়র চিশতি স্বাক্ষরিত অফিস আদেশে আরো বলা হয়েছে, "কাজেই, পৌরসভা পানি সরবরাহ ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০২৩ এর বিধান অনুযায়ী পানির বিল বৃদ্ধির ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিটি বা কর্তৃপক্ষের অনুমোদন না পাওয়া পর্যন্ত নতুন বিল কার্যকরের অফিস আদেশ যার স্মারক নং- ৪৬.০০.৮৭৬৬.০১০.৮৭.০০১.২২-৬১৯ তারিখ ২৯/০৫/২০২৩ এরকার্যকারীতা স্থগিত করা হল। সাতক্ষীরা জেলা নাগরিক কমিটির সদস্য সচিব এড. আবুল কালাম আজাদ বলেন, সাতক্ষীরা পৌরসভার সাপ্লাইকৃত পানির বিল অযৌক্তিকভাবে চারগুন বৃদ্ধির প্রতিবাদে পৌরবাসীকে সাথে নিয়ে বিভিন্নভাবে দাবি জানিয়ে আসছিল জেলা নাগরিক কমিটি। তারা সুপেয় ও ব্যবহারযোগ্য পানির নিয়মিত সরবরাহ নিশ্চিত করে পুনরায় গণশুনানীর মাধ্যমে বিল বৃদ্ধির বিষয়টি উপস্থাপন করার জন্য পৌর কর্তৃপক্ষের কাছে আহবান জানান। এদাবি আদায়ের তারা পৌরসভার সামনে গণঅবস্থান কর্মসুচি পালন ও মেয়র বরাবর স্মারকলিপি প্রদান করেন। অবশেষে পৌরবাসীর দাবির মুখে সাতক্ষীরা পৌরসভার বর্ধিত পানির বিল স্থগিত করা হয়েছে। তিনি পৌরসভার বিভিন্ন সমস্যার সমাধান ও নাগরিক সেবার মানোন্নয়নে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান।


# প্রকাশিত সংবাদের প্রতিবাদ

যশোর থেকে প্রকাশিত দৈনিক নওয়াপাড়া ও ঝিনাইদহ থেকে প্রকাশিত এই আমার দেশ পত্রিকায় গত ১৬ জুলাই কনিকা স্টুডিওতে ছবি তুলতে অস্বাভাবিক মূল্য, গ্রাহক হয়রানির অভিযোগ শিরোনামে যে সংবাদটি প্রকাশিত হয়েছে তা আমার দৃষ্টিগোচর হয়েছে।

সংবাদে উল্লেখ করা হয়েছে ছবি তুলতে ও প্রিন্ট করতে অস্বাভাবিক মূল্য নেওয়া হয় পাশাপাশি গ্রাহকের সাথে খারাপ আচরণ করা হয়। প্রকৃত পক্ষে ঝিনাইদহের কনিকা স্টুডিও এন্ড কালার ল্যাব দীর্ঘদিনের ঐতিহ্যবাহী ও স্বনামধন্য প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানকে সমাজে ও ব্যবসায়িকভাবে সুনাম ক্ষুন্ন করতে একটি কুচক্রি মহল সাংবাদিকদের কাছে মিথ্যা তথ্য সরবরাহ করেছে। প্রতিষ্ঠানের সুনাম ধরে রাখতে দীর্ঘদিন ধরে মালিক পক্ষ যথেষ্ট সোচ্চার । এখানে প্রতিটি গ্রাহকের সাথে সদাচরন ও মানসম্মত ছবি ডেলিভারি দিয়ে ন্যায্য মূল্য নেওয়া হয়। কনিকা স্টুডিও সব সময় ন্যায্য মূল্য নিয়ে জনগনের কাঙ্খিত সেবা দিয়ে আসছে। তাই জেলাবাসীকে বিভ্রান্তি না হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

আমি এই ধরনের মিথ্যা ভিত্তিহীন উদ্দেশ্য প্রণোদিত বানোয়াট সংবাদের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।

**মোস্তাফিজুর রহমান স্বপন**
স্বত্তাধীকারী, কনিকা স্টুডিও এন্ড কালার ল্যাব, মকবুল প্লাজা, ঝিনাইদহ




# তাকদির-এর তেলেগু রিমেক'র ট্রেলার প্রকাশ

**বিনোদন প্রতিবেদক :** তাকদিরর তেলেগু রিমেক সিরিজ এর নামওদায়া। কৌতূহলী পোস্টার এবং পর্দার অন্তরালে মনোমুগ্ধকর স্থিরচিত্র দিয়ে দর্শককে রহস্যের আভা দিয়েছিলো তরুণ পরিচালক, পবন সাদিনেনি। এরপর ট্রেলার দিয়েই মাত। সিরিজটিতে প্রধান ভূমিকায় আছেন জেডি চক্রবর্তী। আরও অভিনয় করেছেন এশা রেব্বা, রেমিয়া নাম্বিশান, কামাল কামারাজু, জোশ রবি ও পৃথ্বীরাজ। ৪ আগস্ট সিরিজটি দেখা যাবে ডিজনি প্লাস হটস্টারে। ট্রেলার প্রকাশ্যে আসার পর বুঝতে বাকি রইলো না সিরিজটিতাকদির এর রিমেক। লাশবাহী ফ্রিজার ভ্যানচালক একদিন হঠাৎ তার ভ্যানের ভেতর খুঁজে পায় এক নারীর মৃতদেহ। বুঝতে পারে না, এ লাশ তার ভ্যানের ভেতর কীভাবে এলো! এরপর থানা পুলিশ, সাংবাদিক, হুমকি ফোন- সব মিলিয়ে জটিল আকার ধারণ করে পরিস্থিতি। নিজেকে নির্দোষ প্রমাণের চেষ্টা চালিয়ে যেতে থাকে সে। ২০২০ সালে চঞ্চল চৌধুরী অভিনীত ও সৈয়দ আহমেদ শাওকী পরিচালিত আলোচিত ওয়েব সিরিজ 'তাকদির' ভারতের জনপ্রিয় স্ট্রিমিং প্লাটফরমওহইচই-এ মুক্তি পায়। এর মাধ্যমে ওটিটিতে বাংলাদেশি নির্মাতাদের কাজ নতুন করে আলোচনায় আসে।ওতাকদিরর প্রযোজনায় ছিলেন ভারতের নামকরা প্রযোজনা প্রতিষ্ঠান শ্রী ভেঙ্কটেশ ফিল্মস। তারা এবার পা রেখেছে তেলেগু ইন্ডাস্ট্রিতে। তাকদিরও যাদের হাতে তৈরি হয়েছিল তাদের হাতেই 'দায়া' নামের ওয়েব সিরিজ নির্মিত হয়েছে। প্রতিষ্ঠানটির অন্যতম প্রতিষ্ঠাতা মহেন্দ্র সোনি টুইটারে বিষয়টি আগেই নিশ্চিত করেছেন।

## গভীর রাতে হৃদয়ভাঙা পোস্ট দিলেন পরী

**বিনোদন প্রতিবেদক :** রোববার রাত ১ টায় পরী তার ভক্তদের সঙ্গে শেয়ার করেন একটি ছবি। ওই ছবি দেখেই কেঁপে ওঠে পরীর ভক্ত আর শুভাকাঙ্খীদের হৃদয়। হৃদয় কাঁপানো সে ছবিতে দেখা যাচ্ছে, পরীর একমাত্র ছেলে রাজ্যর ছোট কোমল হাত পুরোটাই ঢেকে গেছে ক্যানলার ব্যান্ডেজে। ফেসবুকে পরীর দেয়া নিয়মিত পোস্ট স্ক্রল করে জানা যায়, বেশ কয়েকদিন ধরেই ছোট্ট রাজ্যকে ভোগাচ্ছে সিজনাল জ্বর। এরজন্য মা পরী এখন প্রায়ই দৌঁড়াচ্ছেন হাসপাতালে। চিকিৎসক রক্ত পরীক্ষার পরামর্শ দিলে রাজ্যকে প্রথমবার ক্যানলা করা হয় প্রথম ব্লাড টেস্টের জন্যে। ক্যানলার সময় পরী একা নিজের আবেগকে তো সামলিয়েছেন ঠিকই কিন্তু চোখের সামনে ছেলের এমন কষ্ট কিছুতেই সহ্য করতে পারছেন না। একা এক মায়ের যন্ত্রণা তাই পরী শেয়ার করেছেন তার ভক্ত ও শুভাকাঙ্খীদের সঙ্গে। ক্যানল করা ছেলের হাতের ছবিতে জুড়ে দিয়েছেন একটি হৃদয় ভাঙার ইমোজি।পরীর এ পোস্টের পরই নেটিজেনদের মন ভালো নেই। তাদের সবারই প্রার্থনা, ছোট্ট রাজ্য খুব দ্রুত সুস্থ হয়ে উঠুক।

# 'বেদের মেয়ে জোসনা'র রেকর্ড ভাঙলো 'প্রিয়তমা'

**বিনোদন প্রতিবেদক :** বাংলাদেশের ফিল্ম ইন্ডাস্ট্রিতে সবচেয়ে কম সময়ে সুপারহিট সিনেমা উপহার দিলেন শাকিব খান। হিমেল আশরাফ পরিচালিত শাকিব খান ও ইধিকা পাল অভিনীত 'প্রিয়তমা' সিনেমাটি এবার 'বেদের মেয়ে জোসনা'র সর্বমোট আয়ের রেকর্ড ভাঙতে চলেছে। এতোদিন ঢালিউডে 'বেদের মেয়ে জোসনা' সিনেমাটি আয়ের তালিকায় প্রথম স্থানে ছিলো। তোজাম্মেল হক বকুল এর পরিচালনায় ১৯৮৯ সালে নির্মিত 'বেদের মেয়ে জোসনা'র আয় ছিল প্রায় ২০ কোটি টাকা। এতে কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেন ইলিয়াস কাঞ্চন ও অঞ্জু ঘোষ। 'বেদের মেয়ে জোসনা' সিনেমার কাহিনিই শুধু দর্শকদের মন জয় করেনি। এ সিনেমার গানও দর্শকের মন ছুঁয়ে যায়। সিনেমাটির টাইটেল সং 'বেদের মেয়ে জোসনা আমায় কথা দিয়েছে' এখনও দর্শকের মুখে মুখে। এ গানটি এতটাই জনপ্রিয় যে বলিউডে এ গানের সুর একাধিকবার ব্যবহার করেছেন বিভিন্ন সঙ্গীত শিল্পী ও সুরকাররা। বাংলাদেশের সর্বকালের অন্যতম সেরা ব্যবসা সফল এই সিনেমাটি ওই সময় ১,২০০ টি সিনেমা হলে প্রদর্শিত হয়। এবার সে সিনেমার আয়ের রেকর্ড ভাঙলো 'প্রিয়তমা'। মূলত রোমান্টিক ঘরানার সিনেমা অভিনীত 'প্রিয়তমা'। এ সিনেমায় তুলে ধরা হয়েছে আশাহত এক প্রেমিককে যিনি তার ভালোবাসার মানুষ প্রিয়তমাকে হারিয়ে নিস্তব্ধ। সিনেমার কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন ঢালিউড কিং শাকিব খান এবং কলকাতার ইধিকা পাল। দ্রুত ব্যবসাসফল এ সিনেমাটির আয় কত জানেন? পরিচালক হিমেল আশরাফের ফেসবুক স্ক্রল করে এ সিনেমার আয়ের একটি স্পষ্ট ধারণা পাওয়া যায়। চলতি বছর কোরবানির ঈদে প্রেক্ষাগৃহে সিনেমাটি মুক্তির কিছুদিনের মধ্যেই পরিচালক হিমেল জানান, প্রথম কয়েকদিনে দর্শকদের কেনা টিকিট আর একটি ওটিটি প্লাটফর্মে সিনেমাটি বিক্রি করেই 'প্রিয়তমা' সিনেমা নির্মাণের খরচ উঠে লাভের মুখ দেখেছেন প্রযোজক। কিন্তু এ হিসেবের স্পষ্ট আয়ের অঙ্ক প্রকাশ করেনি পরিচালক। সে হিসাব প্রকাশ না করলেও পরিচালক হিমেল স্পষ্ট করে জানিয়ে দিয়েছেন, দেশের ১০৭টি হলে প্রথম সপ্তাহে সিনেমাটির আয় ১০ কোটি ৩০ লাখ। ১০৯টি হলে দ্বিতীয় সপ্তাহে সিনেমাটির আয় ৮ কোটি ৫৫ লাখ। দেশের ৮৪টি হলে তৃতীয় সপ্তাহে সিনেমাটি প্রেক্ষাগৃহে এখনও চলছে। তা থেকে আয়ের অঙ্ক কত তা অবশ্য এখনও পরিচালকের কাছ থেকে জানা যায়নি। এদিকে পরিচালক হিমেল সিনেমাটির আয় নিয়ে সর্বশেষ পোস্ট করেন রোববার।





# নোংরা মন্তব্যের শিকার সায়ন্তিকা

**বিনোদন ডেস্ক :** সায়ন্তিকা ব্যানার্জির পরনে কালো রঙের স্পোর্টস ব্রা আর শর্টস। আয়নার সামনে দাঁড়িয়ে নিজের ছবি নিজেই তুলছেন তিনি। আর সেই ছবি ইনস্টাগ্রামে পোস্ট করেছেন ভারতীয় বাংলা সিনেমার এই অভিনেত্রী। হ্যাশ ট্যাগে সায়ন্তিকা লিখেছিলেন- 'ভালোবাসাসহ সায়ন্তিকা, ফিটনেস, মুড, অনুপ্রেরণা।' তৃণমূল নেত্রী সায়ন্তিকা সোশ্যাল মিডিয়ায় দারুণ সরব। নিয়মিত ব্যক্তিগত নানা বিষয় এ মাধ্যমে শেয়ার করে থাকেন। কিন্তু এবার ছবি পোস্ট করে নোংরা মন্তব্যের শিকার হয়েছেন। তাকে নিয়ে রীতিমতো ট্রল করছেন নেটিজেনরা। ছোট পোশাকে ছবি দিতেই নিন্দার মুখে পড়েছেন সায়ন্তিকা। নেটিজেনদের বড় অংশের মতে, বেশ মুটিয়ে গেছেন, পেটে মেদ জমেছে। নিজেকে নিজে 'ফিট' তকমা দিলেও আদপে ফিট নন তিনি। রাজনৈতিক পরিচয় স্মরণ করে একজন লিখেছেন, 'তৃণমূলে ঢোকার পর ঘুষের টাকা খেয়ে পেট ফুলে গেছে।' আরেকজন লিখেছেন, 'এই কি জনপ্রতিনিধির পরিচয়?' তা ছাড়াও অসংখ্য নোংরা মন্তব্য রয়েছে, যা প্রকাশের অযোগ্য। সায়ন্তিকার এসব ছবি নিয়ে জোর চর্চা-আক্রমণ চললেও এ নিয়ে মুখ খুলেননি তিনি। তবে কিছু দিন আগে সোশ্যাল মিডিয়ায় হওয়া ট্রল নিয়ে প্রতিবাদ করেছিলেন সায়ন্তিকা। তিনি জানান, এক ব্যক্তি ক্রমাগত তার পোস্টে অশালীন মন্তব্য করে যাচ্ছেন। ওই ব্যক্তির প্রোফাইলে ট্যাগ করে সায়ন্তিকা লিখেন, 'সরি মিস্টার শিলাদিত্য। কখনো কখনো নারীদের সম্মান করার প্রয়োজন হয়ে পড়ে। নীরবতাকে অনেক সময় অনেকে ভুল ভাবে। কিন্তু তোমার এবার চুপ করা উচিত।'



# বছরে ১৯০০ কোটি টাকার বেশি আয় করতে পারি : পবন



**বিনোদন ডেস্ক :** ভারতের দক্ষিণী সিনেমার 'পাওয়ার স্টার'খ্যাত অভিনেতা পবন কল্যাণ। অভিনয়ের পাশাপাশি রাজনীতিতে সক্রিয় তিনি। জন সেনা দলের প্রধান এই অভিনেতা। রাজনীতিতে সক্রিয় থাকলেও অভিনয় থেকে দূরে সরেননি পবন। বরং নিয়মিত অভিনয় করে যাচ্ছেন। ভারতের দক্ষিণী সিনেমায় সর্বোচ্চ পারিশ্রমিক পাওয়া অভিনেতাদের একজন তিনি। কিন্তু প্রতি বছর কত টাকা আয় করে থাকেন পবন? এবার এ প্রশ্নের উত্তর নিজেই দিয়েছেন এই অভিনেতা। সম্প্রতি কর্মী সমাবেশে বক্তৃতা দিতে গিয়ে পবন কল্যাণ বলেন- 'আমি দেশের বড় অভিনেতাদের একজন। একজন সাধারণ নায়ক হিসেবে অন্য সেরা নায়কদের সঙ্গে প্রতিযোগিতা করি না। প্রতি বছর ২০০ দিন কাজ করি এবং ৪০০ কোটি রুপি (বাংলাদেশি মুদ্রায় ৫২৮ কোটি টাকার বেশি) আয় করি। কিন্তু আমি যদি প্রতিযোগিতা করতে চাই, তবে বছরে এক থেকে দেড় হাজার কোটি রুপি (বাংলাদেশি মুদ্রায় ১৩০০ থেকে ১৯০০ কোটি টাকার বেশি) আয় করতে পারি। এটাই আমার সামর্থ্য। কিন্তু আমি অন্ধ্র প্রদেশের মানুষের জন্য কল্যাণমূলক কাজ করতে চাই।' পবন কল্যাণ অভিনীত সর্বশেষ মুক্তিপ্রাপ্ত সিনেমা 'ভীমলা নায়ক'। গত বছরের ২৫ ফেব্রুয়ারি মুক্তি পায় এটি। সাগর কে চন্দ্র পরিচালিত এ সিনেমা মুক্তির পর বক্স অফিসে দারুণ সাড়া ফেলে। মালায়ালাম ভাষার ব্লকবাস্টার 'আয়াপানুম কোশিয়ুম' সিনেমার রিমেক 'ভীমলা নায়ক'। এর চিত্রনাট্য রচনা করেন ত্রিবিক্রম শ্রীনিবাস।

# স্পোর্টস



# দক্ষিণ আফ্রিকাকে উড়িয়ে বাংলাদেশের সিরিজ জয়

**স্পোর্টস ডেস্ক :** ঘরের মাঠে দক্ষিণ আফ্রিকা অনূর্ধ্ব-১৯ দলের বিপক্ষে হেরে সিরিজ শুরু করেছিল বাংলাদেশের যুবারা। ৫০ ওভারের এই সিরিজের পরের ম্যাচ জিতে সমতা আনে স্বাগতিকরা। তবে তৃতীয় ম্যাচে আবার এগিয়ে যায় প্রোটিয়ারা। এরপর চতুর্থ ম্যাচ জিতে সিরিজে ফের সমতা আনে যুবা টাইগাররা। ফলের সিরিজের পঞ্চম ও শেষ ম্যাচ হয়ে দাঁড়ায় অলিখিত ফাইনাল। আর সিরিজের পঞ্চম ম্যাচে দক্ষিণ আফ্রিকাকে ৩ উইকেটে হারিয়ে সিরিজ নিজেদের করে নিলো বাংলাদেশের যুবারা। গতকাল সোমবার রাজশাহীর শহীদ কামরুজ্জামান স্টেডিয়ামে টস জিতে দক্ষিণ আফ্রিকাকে ব্যাটিংয়ে বাংলাদেশ। প্রথমে ব্যাট করে ৪৯ ওভার ৪ বলে ২১০ রানে অলআউট হয় দক্ষিণ আফ্রিকা। জবাবে ১৭ বল হাতে রেখে ৭ উইকেট হারিয়ে জয় পায় বাংলাদেশের যুবারা। প্রথমে ব্যাট করতে নেমে শুরুতেই ধাক্কা খায় দক্ষিণ আফ্রিকা। দলীয় ৪৯ রানে তিন ব্যাটারকে হারায় তারা। এরপর ডেভিড টিগার ও রিচার্ড সেলটসওয়ানে মিলে ৫২ রানের জুটি গড়ে শুরু ধাক্কা সামাল দেয়। তবে দলীয় ১০১ রানে ৪৭ বলে ২৭ রান করে আউট হন রিচার্ড সেলটসওয়ানে। এরপর ক্রিজে আস অধিনায়ক জুয়ান জেমসকে সঙ্গে নিয়ে ব্যাট করতে থাকেন টিগার। তবে দলীয় ১৪৫ রানে ৮৯ বলে ৬৩ রান করে আউট হন টিগার। এরপর নিয়মিত বিরতিতে উইকেট হারিয়ে ২১০ রানে অলআউট হয় দক্ষিণ আফ্রিকা। বাংলাদেশের পক্ষে মাহফুজ রাব্বি নেন ৩টি উইকেট। ২১১ রানের টার্গেটে ব্যাট করতে নেমে বাংলাদেশকে ভালো শুরু এনে দেন দুই ওপেনার আদিল বিন সিদ্দিক ও রিজওয়ান।

## আইসিসির সাবেক প্রধান কিউরেটর হেমিংকে নিয়োগ দিলো বিসিবি

**নিজস্ব প্রতিবেদক :** দুই বছরের চুক্তিতে কিউরেটর হিসেবে টনি হেমিংকে নিয়োগ দিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। অভিজ্ঞ ক্রিকেট কিউরেটর, শিক্ষাবিদ, ক্রিকেট টার্ফ এবং মাটি প্রস্তুতিতে বিশেষজ্ঞ হিসেবে পরিচিত হেমিং। অস্ট্রেলিয়ার পার্থের ওয়াকা ক্রিকেট গ্রাউন্ডের জন্য আন্তর্জাতিক ক্রিকেটে মাটি বিষয়ক উপদেষ্টা এবং পরামর্শদাতাও ছিলেন হেমিং। আইসিসি ক্রিকেট একাডেমি এবং দুবাই আন্তর্জাতিক স্টেডিয়ামের সাবেক কিউরেটরও ছিলেন তিনি। ওমান ক্রিকেট একাডেমির আইসিসি পিচ পরামর্শদাতাও ছিলেন হেমিং। তার আগে পার্থের অপটাস স্টেডিয়ামের অ্যারেনা ম্যানেজার, আইসিসি ক্রিকেট একাডেমির আন্তর্জাতিক উপস্থাপক ও শিক্ষাবিদ এবং সৌদি আরবের রিয়াদের কিং ফাহাদ আন্তর্জাতিক ফুটবল স্টেডিয়ামের অ্যারেনা ম্যানেজার হিসেবেও দায়িত্ব পালন করেছেন তিনি।



# জুলাইয়েই সাকিবদের এশিয়া কাপ-বিশ্বকাপের ক্যাম্প শুরু

**স্পোর্টস ডেস্ক :** টি-টোয়েন্টি সিরিজে আফগানিস্তানকে হোয়াইটওয়াশ করে শেষ হলো বাংলাদেশের মিশন। এশিয়া কাপের আগে জাতীয় দলের আর কোনো আন্তর্জাতিক ম্যাচ নেই। লম্বা সময় পর আগামী ৩১ আগস্ট এশিয়া কাপ দিয়ে মাঠের লড়াই ফিরবে বাংলাদেশ। যদিও খুব বেশি ছুটি পাচ্ছেন না সাকিব-মুশফিকরা। এশিয়া কাপ ও বিশ্বকাপের মতো দুটি বড় ইভেন্টে নিজেদের সেরা প্রস্তুতি নিতে আগামী ২৯ জুলাই জাতীয় দলের প্রস্তুতি ক্যাম্প শুরু হতে পারে বলে প্রধান নির্বাচক মিনহাজুল আবেদীন নান্নু জানিয়েছেন। এই ক্যাম্প শুরুর আগে প্রাথমিক একটি দল ঘোষণা করবে বিসিবি। সেই দলে তামিম ইকবালকে পাওয়া নিয়ে সংশয় রয়েছে। আফগানিস্তানের বিপক্ষে ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচের আগে তামিমের ফিটনেস নিয়ে বক্তব্যে ঝড় ওঠে ক্রিকেট অঙ্গনে। এরপর পাল্টাপাল্টি বক্তব্যে দ্বিতীয় ম্যাচের আগে আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসরের ঘোষণা দেন তিনি। এরপরই প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপে সিদ্ধান্ত প্রত্যাহার করেন।

## নতুন অধ্যায়ের জন্য উন্মুখ বুসকেতস



**স্পোর্টস ডেস্ক :** বার্সেলোনার সঙ্গে দীর্ঘ দিনের সম্পর্ক চুকিয়ে ইন্টার মায়ামিতে যোগ দেওয়া সের্হিও বুসকেতসের তর সইছে না মাঠে নামতে। মেজর লিগ সকারের ক্লাবটির হয়ে ক্যারিয়ারের নতুন অধ্যায় শুরু করতে মুখিয়ে স্প্যানিশ এই মিডফিল্ডার। যুব পর্যায় থেকে সিনিয়র ফুটবলে ১৮ বছরের ক্লাব ক্যারিয়ারের পুরোটাই বার্সেলোনায় কাটান বুসকেতস। কাতালান ক্লাবটির সঙ্গে চুক্তি নবায়ন না করে তিনি খুঁজে নেন নতুন ঠিকানা। আগামী ২০২৫ সাল পর্যন্ত মায়ামির হয়ে খেলবেন বুসকেতস। বার্সেলোনায় বর্ণাঢ্য ক্যারিয়ারে ৭০০ ম্যাচের বেশি খেলেছেন তিনি। স্প্যানিশ ক্লাবটির হয়ে জিতেছেন ৯টি লা লিগা, ৭টি কোপা দেল রে, ৩টি করে চ্যাম্পিয়ন্স লিগ ও ক্লাব বিশ্বকাপ। আর্জেন্টাইন তারকা লিওনেল মেসিকেও দলে টেনেছে মায়ামি। বিশ্বকাপ জয়ী এই ফরোয়ার্ডের সঙ্গে বার্সেলোনায় ১৫ মৌসুমে খেলেছেন বুসকেতস। মাঝে পিএসজিতে পাড়ি জমান মেসি। এবার আবারও একই জার্সিতে দেখা যাবে সাবেক দুই সতীর্থকে। ফোর্ট লডারডেইলের ডিআরভি পিএনকে স্টেডিয়ামে রোববার রাতে জমজমাট এক অনুষ্ঠানের আয়োজন করে মেসিকে বরণ করে মায়ামি। সেখানে উপস্থিত ছিলেন বুসকেতসও। আনুষ্ঠানিকভাবে নিজেদের খেলোয়াড় হিসেবে এই স্প্যানিয়ার্ডকেও পরিচয় করিয়ে দেয় ক্লাবটি। পরে মায়ামিকে নিয়ে নিজের ভাবনা তুলে ধরেন ৩৫ বছর বয়সী বুসকেতস।

# জোকোভিচকে হারিয়ে উইম্বলডন চ্যাম্পিয়ন আলকারাস



**স্পোর্টস ডেস্ক :** একপেশে লড়াইয়ের প্রথম সেটে নোভাক জোকোভিচের অনায়াস জয়। তখনও কে জানত, কী দুর্দান্ত এক টেনিস ম্যাচের সাক্ষী হতে যাচ্ছে উইম্বলডন! শুরুর ধাক্কা সামলে দারুণভাবে ঘুরে দাঁড়ালেন কার্লোস আলকারাস। জিতে নিলেন পরপর দুই সেট। সার্বিয়ান তারকাও যে সহজে ছাড়ার নন। চতুর্থ সেট জিতে ম্যাচ টেনে নিলেন শেষ সেটে। সেখানে আর পারলেন না তিনি। অসাধারণ জয়ে উইম্বলডনে চ্যাম্পিয়ন হলেন তরুণ স্প্যানিশ তারকা। সেন্টার কোর্টে রোববারের ফাইনালে ১-৬, ৭-৬ (৮-৬), ৬-১, ৩-৬, ৬-৪ গেমে জেতেন র?্যাঙ্কিংয়ের এক নম্বর তারকা ২০ বছর বয়সী আলকারাস। এটি তার ক্যারিয়ারের দ্বিতীয় গ্র্যান্ড স্লাম শিরোপা। গত বছর ইউএস ওপেন দিয়ে জেতেন প্রথমটি। ওই সাফল্যে সর্বকনিষ্ঠ খেলোয়াড় হিসেবে ছেলেদের র?্যাঙ্কিংয়ের শীর্ষে ওঠার কীর্তিও গড়েন তিনি। উন্মুক্ত যুগে তৃতীয় কম বয়সী খেলোয়াড় হিসেবে উইম্বলডন জিতলেন আলকারাস। এখানে গত চার আসরের চ্যাম্পিয়ন ৩৬ বছর বয়সী জোকোভিচের টেনিস ইতিহাসে সর্বোচ্চ ২৪তম গ্র্যান্ড স্লাম জয়ের অপেক্ষা বাড়ল। এই বছরের প্রথম দুটি গ্র্যান্ড স্লাম অস্ট্রেলিয়ান ওপেন ও ফরাসি ওপেন জেতেন জোকোভিচ। উইম্বলডনের ফাইনালেও তিনি ছিলেন পরিষ্কার ফেভারিট। এখানে সাতবারের চ্যাম্পিয়ন তিনি, ফাইনালের আগে এখানে জিতেছেন টানা ৩৪ ম্যাচ, সেন্টার কোর্টে জয় টানা ৪৪ ম্যাচে। শিরোপা লড়াইয়ে শুরুটাও তার হয় প্রত্যাশিত। প্রথম সেট জিততে সময় নেন স্রেফ ৩৪ মিনিট। এরপরই আলকারাসের ওই ঘুরে দাঁড়ানোর শুরু। হাড্ডাহাড্ডি লড়াইয়ে দ্বিতীয় সেট গড়ায় টাইব্রেকে। সেখানে শুরুতে ৩-০তে এগিয়ে যান দ্বিতীয় বাছাই জোকোভিচ। সেখান থেকে ঘুরে দাঁড়িয়ে ৮৫ মিনিট স্থায়ী সেট নিজের করে নেন আলকারাস।